SKILL BANGLA
www.skillbangla.in

আরও চাকরির খবর ভেতরের পাতায়

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

পি এস সি মিসলেনিয়াস প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
... পৃঃ ৮

বর্ষ ৪৬ সংখ্যা ৫০ কলকাতা বুধবার, ৮ জুলাই ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৩ আষাঢ় ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

## আইবিপিএসের পরীক্ষার মাধ্যমে ৮ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে
# ৬৭১৫ প্রবেশনারি অফিসার

দেশের ৮টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৬,৭১৫ জন প্রবেশনারি অফিসার/ম্যানেজমেন্ট ট্রেনি নিয়োগ করা হবে। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রোসেস ফর রিক্রুটমেন্ট অব প্রবেশনারি অফিসার্স/ম্যানেজমেন্ট ট্রেনিজ ইন পার্টিসিপেটিং ব্যাঙ্কস' নেওয়া হবে চলতি বছরের অগস্ট মাসে। মেন পরীক্ষা অক্টোবর মাসে। ইন্টারভিউ নভেম্বরে। পরীক্ষার আয়োজক ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আইবিপিএস)। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRP PO/MT-XVI.

৮টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার/ম্যানেজমেন্ট ট্রেনি পদে নিয়োগের লক্ষ্যে এই পরীক্ষা নেওয়া হবে। সংশ্লিষ্ট ৮টি ব্যাঙ্কের যে-কোনওটিতে যোগ দিতে চাইলে আগে এই পরীক্ষায় সফল হতে হবে। অনলাইন পরীক্ষায় সফলদের একটি স্কোর কার্ড দেবে আই বি পি এস। এরপর সংশ্লিষ্ট ব্যাঙ্ক প্রয়োজন অনুসারে গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ প্রভৃতির মাধ্যমে চূড়ান্ত ভাবে প্রার্থী বাছাই করবে।

ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব বরোদা: ১৯০০টি (সাধারণ ৭৭০, তফসিলি জাতি ২৮৫, তফসিলি উপজাতি ১৪২, ওবিসি ৫১৩, আর্থিক ভাবে অনগ্রসর ১৯০)। এর মধ্যে ১৯টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। ব্যাঙ্ক অব ইন্ডিয়া: ৫০০টি (সাধারণ ২০৩, তফসিলি জাতি ৭৫, তফসিলি উপজাতি ৩৭, ওবিসি ১৩৫, আর্থিক ভাবে অনগ্রসর ৫০)। এর মধ্যে ৫টি

এরপর চারের পাতায়

# রেলে ৬৫৫৭ টেকনিশিয়ান

টেকনিশিয়ান গ্রেড ওয়ান সিগন্যাল ও টেকনিশিয়ান গ্রেড থ্রি পদে ৬,৫৫৭ জনকে নিয়োগ করবে ভারতীয় রেল। বিভিন্ন বিভাগে প্রার্থীদের নিয়োগ করা হবে কলকাতা, শিলিগুড়ি, মালদা-সহ মোট ২১টি রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিশ নম্বর: ০২/২০২৬।

শূন্যপদের বিন্যাস: টেকনিশিয়ান গ্রেড ওয়ান সিগন্যাল: ৩২৩টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স বা ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইনস্ট্রুমেন্টেশনে বি এসসি বা ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা বা ডিগ্রি। উল্লিখিত বিষয়গুলি বা তার সমতুল শাখার কম্বিনেশনে ডিগ্রি ও ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য।

টেকনিশিয়ান গ্রেড থ্রি ট্র্যাক মেশিন: ১৭২টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার বা ইলেক্ট্রিশিয়ান বা ইলেক্ট্রনিক্স মেকানিক বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা মেকানিক মেকট্রনিক্স বা মেকানিক ডিজেল বা মেকানিক (মোটর ভেহিক্যল) বা ওয়েল্ডার বা মেশিনিস্ট ট্রেডে এনসিভিটি বা

এরপর চারের পাতায়

## ওয়েস্টার্ন কোলফিল্ডসে
# ৪৪৪
## মাইনিং সর্দার ও অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান

মাইনিং সর্দার ও অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ট্রেনি) পদে ৪৪৪ জনকে নেবে ওয়েস্টার্ন কোলফিল্ডস। এটি কয়লা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা।

শূন্যপদের বিন্যাস: মাইনিং সর্দার: ২২০টি (সাধারণ ১০১, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ৩৮, ওবিসি ৩৫, আর্থিক ভাবে অনগ্রসর ২২)। এর মধ্যে ২২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের

এরপর বারোর পাতায়

## আইবিপিএসের মাধ্যমে ৭ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে
# ৭৪৫ স্পেশ্যালিস্ট অফিসার

দেশের ৭টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৭৪৫ জন স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগ করা হবে। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব স্পেশ্যালিস্ট অফিসার্স ইন পারটিসিপেটিং ব্যাঙ্কস' নেওয়া হবে চলতি বছরের অগস্টে। মেন পরীক্ষা নভেম্বর মাসে। ইন্টারভিউ নভেম্বর-ডিসেম্বর মাসে। অনলাইন এই পরীক্ষাটি পরিচালনা করবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আইবিপিএস)। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRP SPL-XVI.

৭টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার পদে নিয়োগের লক্ষ্যে এই পরীক্ষা নেওয়া হবে। সংশ্লিষ্ট ৭টি ব্যাঙ্কের যে-কোনওটিতে যোগ দিতে চাইলে আগে এই পরীক্ষায় সফল হতে হবে। অনলাইন পরীক্ষায় সফলদের একটি স্কোর কার্ড দেবে আইবিপিএস। এরপর সংশ্লিষ্ট ব্যাঙ্ক প্রয়োজন অনুসারে গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ প্রভৃতির মাধ্যমে চূড়ান্ত ভাবে প্রার্থী বাছাই করবে।

এই পরীক্ষায় সফল হলে যে-৭টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে নিয়োগের প্রাথমিক যোগ্যতা অর্জন করবেন সেগুলি হল: ব্যাঙ্ক অব বরোদা, ব্যাঙ্ক অব মহারাষ্ট্র, কানাড়া ব্যাঙ্ক, সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া, ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক, পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক এবং পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক।

স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগের যোগ্যতা নির্ণায়ক আইবিপিএসের লিখিত পরীক্ষাটি নেওয়া হবে এই

এরপর দুয়ের পাতায়

## ব্যাঙ্ক অব ইন্ডিয়ায়
# ৭৩৮ ক্রেডিট অফিসার

ক্রেডিট অফিসার পদে ৭৩৮ জনকে নেবে ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে জেনারেল ব্যাঙ্কিং অফিসার শাখায়, মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টু ও থ্রিয়ে। এই নিয়োগের প্রোজেক্ট নম্বর: 2026-27/01

শূন্যপদের বিন্যাস: মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল (এমএমজিএস)-থ্রি: ৬১টি (সাধারণ ২২, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ওবিসি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। বয়স: ১-৬-২০২৬ তারিখে ২৮ থেকে ৩৮ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৮৫,৯২০-১,০৫,২৮০ টাকা।

মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল (এমএমজিএস)-টু: ৬৭৭টি (সাধারণ ২৭৪, তফসিলি জাতি ১০২, তফসিলি উপজাতি ৫২, ওবিসি ১৮০, আর্থিক ভাবে অনগ্রসর ৬৯)। এর মধ্যে ৭টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত, অস্থিসংক্রান্ত ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ৬টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। বয়স: ১-৬-২০২৬ তারিখে ২৫ থেকে ৩২ বছরের মধ্যে হতে

এরপর দশের পাতায়

# ইন্ডিয়ান অয়েলে ৮০৯ অ্যাপ্রেন্টিস

## বরাউনি ও গুয়াহাটি রিফাইনারিতে ৫৩১

৫৩১ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১/১৯৭৩ (সময়ানুসারে সংশোধিত) অনুসারে ট্রেড অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে ১ থেকে ২ বছরের ট্রেনিং দেওয়া হবে বরাউনি ও গুয়াহাটি রিফাইনারিতে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: বরাউনি রিফাইনারির ক্ষেত্রে: Barauni-BR/HR/APPR/2026-27/I ও গুয়াহাটি রিফাইনারির ক্ষেত্রে: GR/P/APP/2026-27

ট্রেড অনুসারে আসনবিন্যাস: ট্রেড অ্যাপ্রেন্টিস: পোস্ট কোড ১০১: অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) /কেমিক্যাল: বরাউনি রিফাইনারি: ২৩৭টি (সাধারণ

এরপর দশের পাতায়

## হলদিয়া রিফাইনারিতে ২৭৮

২৭৮ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১/১৯৭৩ (সময়ানুসারে সংশোধিত) অনুসারে ট্রেড অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে ১ থেকে ২ বছরের ট্রেনিং দেওয়া হবে হলদিয়া রিফাইনারিতে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: HR/RECTT/01/2026-27(APP)

ট্রেড অনুসারে আসনবিন্যাস: ট্রেড অ্যাপ্রেন্টিস: পোস্ট কোড ১০১: অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) /কেমিক্যাল: ৭০টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৪, ওবিসি ১৫, আর্থিক ভাবে অনগ্রসর

এরপর দশের পাতায়

## এয়ারফোর্সে
# অগ্নিবীরবায়ু

বেশ কিছু অগ্নিবীরবায়ু নেবে ভারতীয় বায়ুসেনা। অবিবাহিত পুরুষ ও মহিলা প্রার্থীরা আবেদন করবেন। অগ্নিপথ প্রকল্পে চার বছরের চুক্তিতে প্রার্থীদের নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০২/২০২৭।

শিক্ষাগত যোগ্যতা: অঙ্ক ও ফিজিক্স-সহ উচ্চ মাধ্যমিক বা সমতুল। মোট অন্তত ৫০ শতাংশ এবং ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর

এরপর বারোর পাতায়

স্বনির্ভরতার সন্ধান



# উপার্জনের পথে আলো মোমবাতি


**মোমবাতি আর শুধু বিদ্যুৎ চলে গেলেই ঘর আলো করে না, এখন ডিজাইনার মোমবাতি শৌখিন গৃহকোণকেও সাজিয়ে তুলছে। বর্ণে গন্ধে আকারে নান্দনিক এই মোমবাতি উপহার হিসেবেও চমৎকার। প্রশিক্ষণ আর নিজের উদ্ভাবনী দক্ষতা থাকলে মোমবাতির ব্যবসায় লাভ আছে।**

**নিজস্ব প্রতিনিধি:** লোডশেডিংয়ে আলোর উৎস থেকে সামাজিক প্রতিবাদের ভাষা হয়ে ওঠা— মোমবাতির ভূমিকা বহুমুখী। বিভিন্ন ধর্মস্থানে মোমবাতি জ্বালানো প্রথা, জন্মদিনেও তা উদ্‌যাপনের অঙ্গ। এখন উৎসবে ঘর সাজানোর জন্যও ডিজাইনার মোমবাতি ব্যবহার করা হচ্ছে।

এই সব কারণে মোমবাতির বাজার খুবই তেজি। সাধারণ মোমবাতি তো বটেই, ছোট-বড় রঙিন সুগন্ধী ভাসমান জেল ইত্যাদি নানা ধরনের ডিজাইনার মোমবাতি বাজারে পাওয়া যায়। এ ছাড়া আছে সম্পূর্ণ প্রাকৃতিক মৌমোম। হোটেল, রেস্তোরাঁ এবং স্পাগুলিতে সুগন্ধী মোমের চাহিদা রয়েছে গোটা বিশ্বে। ডিজাইনার মোমবাতি উপহার দেওয়াটাও রেওয়াজ হয়েছে।

প্রশিক্ষণ নিয়ে সাধারণ মোমবাতির পাশাপাশি ডিজাইনার মোমবাতি বা মশা তাড়ানোর মোমবাতি তৈরি করে ব্যবসা করতে পারেন। অল্প মূলধন নিয়ে শুরু করা যায়। ডিজাইনার মোমবাতির নকশা

এরপর দশের পাতায়



## কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

অবসরপ্রাপ্ত সেন্ট্রাল/স্টেট গভঃ/ Bank/ Rail/CIL/GSI/ONGC/IOCL/DVC দের কলি কর্পোরেট হাউসে Manager পদে নিয়োগে (40-70) Graduate. Ph: 90885-07815

□

Candidates are Req. for Tender Submission/ Banking Work/ Civil Engineer at Alok Enterprise, Dalhousie, Kol-1. Interested Candidates can Send their CV by Email ID: swapankumardas78@yahoo.com

□

রামরাজাতলা অফিসে পুরুষ সেলসম্যান (বেতন: ১২—১৫ হাজার) ও মহিলা টেলিকলার (বেতন ৯—১০ হাজার) চাই। যোগাযোগ: 98301-41501.

□

কোলকাতার এন্টালী-তে একটি Engineering কারখানা জন্য একটি Viceman/ Fitter দরকার Contact No. 90076-25807/ 94337-62895.

□

Need Female as accounts executive (M.Com/ CS) Email- gassin.cv@gmail.com Phone- 93310-48838.

□

সোদপুরে চব্বিশ ঘন্টা কাজের জন্য মহিলা চাই ও অফিসের কাজের জন্য মহিলা একাউনটেন্ট চাই যোগাযোগ- 84206-22106/ 90383-17902.

□

### কর্মখালি

Wanted Junior Salesman (Districtwise) Exp. in Ice-Cream or FMCG. Apply Arim Ice Cream Industries Pvt. Ltd. 225A, N.S.C. Bose Road, Kol-47. E-mail: coolfiicecream@gmail.com

□

Reqd Min 5 Yrs. Expd Civil Surveyor up to 6 LPA, Quality Engineer up to 6 LPA, Civil Degree up to 9 LPA, Civil Diploma up to 6 LPA. CV: info@Akscpl.com

□

নৈহাটী সংলগ্ন ২ জনের সংসারে রান্না ও যাবতীয় কাজের জন্য 35-45 বৎসরের পিছুটানহীন মহিলা প্রয়োজন। থাকা, খাওয়া 7000/- M-98302-57822.

□

শ্যামনগরের একটি কম্পিউটার শপে জরুরি নিয়োগ: অভিজ্ঞ হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার। বেতন (Rs.10,000 - 20,000), Sales পদে মেয়ে প্রয়োজন। (বেতন: 7,000 -11,000)। যোগাযোগ: 79809-17483.

□

মন্তেসরী প্রশিক্ষণ প্রাপ্ত মহিলা শিক্ষিকা আবশ্যক ইংরাজী মাধ্যম প্রাক প্রাথমিক বিদ্যালয়ের জন্য কাঁকুড়গাছির নিকটে। Resume ই-মেল করুন: mukulbithi@gmail.com

□

একটি নামী এবং বেসরকারি নিবন্ধিত নার্সিংহোমের জন্য জরুরি ভিত্তিতে DM CARDIO, RMO, ICU RMO (Registered under WBMC); পদে চিকিৎসক নিয়োগ করা হবে। যোগাযোগ: 75950-68658/ 98740-38388, bhattacharyyaxray@gmail.com

□

### কর্মখালি

G D Goenka Public School, Habra hiring PGT, TGT, PRT (All Subjects), NTT. Qualifications as per CBSE norms. Send CV: careers@gdghabra.com

□

কিচেন চিমনি সার্ভিসিং-এর জন্য ইলেকট্রিকাল কাজ জানা আউটডোর টেকনিশিয়ান চাই। বেতন- 12K-15K. Send C.V to WhatsApp: 98302-43867.

□

কলকাতার অফিসে Aditya Group-এ Manager পদে উপযুক্ত পুরুষ/মহিলা নিয়োগ। বয়স: 21-62, Graduate. Fixed 25K Salary + Medical + PF. Ph: 90642-69437.

□

আয় করার নতুন উপায়। যখন খুশি আসুন যান, Kol অফিসে সুপরিবেশে Retd/ VRS/গৃহবধূদের কাজ। Fixd Salary + PF. 28-65, HS+ 93398-15169/ 98315-48975.

□

An ICSE School at Sibaichandi, Dhaniakhali, Hooghly requires Teachers for Eng (MA) Phy (M.Sc) Chem (M.Sc) Math (M.Sc) Comp (MCA). Send CV- arohanenglishacademy2013@gmail.com 81720-02757/ 90649-05815

□

Reqd. Teachers Sub- Phy, Chem, Maths, Eng & Hindi. Qual.: PG with B.Ed. Salary: Negotiable. Send CV: 62950-73753 (Wapp), evangelps2018@gmail.com. Evangel Public School (CBSE), Chatra, 24 Pgs.(N)

□

### কর্মখালি

রান্না এবং একজন বয়স্ক মহিলাকে দেখাশোনার জন্য হায়দ্রাবাদ যেতে ইচ্ছুক মাঝ বয়সী মহিলা দরকার। যোগাযোগের নম্বর- 98362-86706.

□

South & North কলকাতার নামী কোং অফিসে HS+ বয়স: 25-65 রিটায়ার্ড, VRS, Rail, ব্যবসায়ী, গৃহবধূ পার্ট/ফুল টাইমে নিয়োগ M-94333-17938/ 90513-21927.

□

Female Executives reqd. in Jadavpur office. Salary: 10K + Bonus + Recharge. Excel Knowledge must, No Sales No Target. Urgent-90514-11111.

□

Reputed Corporate Gr. reqd. Retd./ House Wife/ Businessman/ Fresher HS+ for Part/ Full Time Attractive Salary, Inc. + PF + ESI 62893-03389.

□

Required For Travel Office Experience Female Staff, Accountant, Computer Knowledge and Resort Manager. 2231-0909/ 98302-13935.

□

সুবর্ণ সুযোগ:- নতুন সুযোগ নিয়ো সুপরিবেশে কলকাতায় অফিসে সম্মানীয় কাজের সাথে যুক্ত হয়ে সু আয়ের জন্য আসুন। যোগাযোগ: 90884-54037.

□

North Point Day School require PGT teachers (fresher) for Hindi/ SST/ Physics/ Maths/ Computer. northpointdayschool@gmail.com/ 92318-93222.

□

### কর্মখালি

ব্যারাকপুর অফিসে স্থায়ী পদে Male/ Female নিয়োগ। HS/BA বয়স: 30-70 RETD Bank রেল Army টিচার ব্যবসায়ী গৃহবধূ অগ্রগণ্য। আয় 40K+ নো টার্গেট 99036-40452.

□

E BOOKS@ স্বগৃহে বই দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ বা স্মার্ট ফোনে টাইপ/ডেটা এন্ট্রি করে প্রতি সপ্তাহে আয়ের সুযোগ 94326-95855/ 98364-12375.

□

দক্ষিণ কলকাতার প্রখ্যাত কোম্পানিতে Retd/ VRS/ গৃহবধূদের কাজের সুবর্ণ সুযোগ। (Age: 40+, যোগ্যতা: HS+, 4 LPA). Contact: 82401-46669/ 87770-71136.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১১ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

Excellent opportunity for Retd./ VRS from State Govt./Central Govt./PSU/Bank/Army for part time service in Corporate Co. Kolkata with attrative income. Call: S. Bandyopadhyay, 93824-20395.

□

হাওড়ায় ইঞ্জিনিয়ারিং কারখানার জন্য ২ জন অভিজ্ঞ গ্যাস কাটার-সহ ওয়েল্ডার প্রয়োজন, মিগ মেশিন চালাতে পারবে এবং ১ জন মার্কার ফিটার প্রয়োজন। খুব দ্রুত। যোগাযোগ: ৯৮৩০১-২৬২১২।

□

(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/ mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**

assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।


# ৭ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৭৪৫ স্পেশ্যালিস্ট অফিসার

*প্রথম পাতার পর*

সব পদের জন্য: আইটি অফিসার, এগ্রিকালচারাল ফিল্ড অফিসার, রাজভাষা অধিকারী, ল অফিসার, এইচ আর/পার্সোনেল অফিসার।

শূন্যপদের বিন্যাস: এগ্রিকালচারাল ফিল্ড অফিসার (স্কেল-ওয়ান): মোট শূন্যপদ ১৯০টি। ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব বরোদা: শূন্যপদ ১০০টি (সাধারণ ৪১, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ওবিসি ২৭, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। ব্যাঙ্ক অব মহারাষ্ট্র: শূন্যপদ ৯০টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ওবিসি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনও একটিতে ৪ বছরের স্নাতক ডিগ্রি। বিষয়গুলি হল: এগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি ভেটেরিনারি সায়েন্স, ডেয়ারি সায়েন্স, ফিশারি সায়েন্স, পিসিকালচার, এগ্রি মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, কো-অপারেশন অ্যান্ড ব্যাঙ্কিং, অ্যাগ্রো-ফরেস্ট্রি, ফরেস্ট্রি, এগ্রিকালচারাল বায়োটেকনোলজি, বায়োটেকনোলজি (বি টেক), ফুড সায়েন্স, এগ্রিকালচার বিজনেস ম্যানেজমেন্ট, ফুড টেকনোলজি, ডেয়ারি টেকনোলজি, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, সেরিকালচার, ফিশারিজ ইঞ্জিনিয়ারিং।

এইচ আর/পার্সোনেল অফিসার (স্কেল-ওয়ান): মোট শূন্যপদ ৬০টি। ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব বরোদা: শূন্যপদ ৫০টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। ব্যাঙ্ক অব মহারাষ্ট্র: শূন্যপদ ১০টি (সাধারন ৬, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট। সঙ্গে পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস, হিউম্যান রিসোর্স, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট, সোশ্যাল ওয়ার্ক এবং লেবার ল-এর মধ্যে যে-কোনও একটিতে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা।

আইটি অফিসার (স্কেল-ওয়ান): মোট শূন্যপদ ৩০১টি। ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব ইন্ডিয়া: শূন্যপদ ১১০টি (সাধারণ ৪৬, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ওবিসি ২৯, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া: শূন্যপদ ৫০টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক: শূন্যপদ ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক: শূন্যপদ ১৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৭)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক: শূন্যপদ ১০০টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৮, ওবিসি ২৭, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনও একটিতে ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। বিষয়গুলি হল: কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশনস, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন এবং ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন। অথবা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট এবং সঙ্গে ডোয়েকের 'বি' লেভেল পাশ।

ল অফিসার (স্কেল-ওয়ান): মোট শূন্যপদ ১০৫টি। ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব বরোদা: শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কানাড়া ব্যাঙ্ক: শূন্যপদ ৩০টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া: শূন্যপদ ৩০টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক: শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক: শূন্যপদ ২৫টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: আইনের ব্যাচেলর ডিগ্রি (এলএলবি)। বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে।

রাজভাষা অধিকারী (স্কেল-ওয়ান): মোট শূন্যপদ ৮৯টি। ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব বরোদা: শূন্যপদ ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ওবিসি ১)। ব্যাঙ্ক অব ইন্ডিয়া: শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কানাড়া ব্যাঙ্ক: শূন্যপদ ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া: শূন্যপদ ৩১টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক: শূন্যপদ ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক: শূন্যপদ ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: হিন্দিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। স্নাতকে একটি বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। অথবা সংস্কৃতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। স্নাতকে বিষয় হিসেবে ইংরেজি ও হিন্দি পড়ে থাকতে হবে।

আইটি অফিসার ছাড়া অন্যান্য পদের ক্ষেত্রে কম্পিউটার অপারেশনস বা কম্পিউটার ল্যাঙ্গুয়েজে সার্টিফিকেট বা ডিপ্লোমা বা ডিগ্রি থাকতে হবে অথবা হাই স্কুল বা কলেজ বা কোনও প্রতিষ্ঠানে একটি বিষয় হিসেবে কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হবে।

বয়স: ১-৭-২০২৬ তারিখে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০৬-এর মধ্যে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

বেতনক্রম: ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে অগস্টে। ১২৫ নম্বরের পরীক্ষা। সময় ৮০ মিনিট। প্রশ্ন হবে রিজনিং (২৫ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর) ও পেশাদারি বিষয়ে (৫০ নম্বর)। ল অফিসার ও রাজভাষা অধিকারী পদের ক্ষেত্রে অতিরিক্ত থাকবে ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রি বিষয়ে গুরুত্ব-সহ জেনারেল অ্যাওয়্যারনেস (২৫ নম্বর) বিষয়ে প্রশ্ন এবং বাকি পদগুলির ক্ষেত্রে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউডের (২৫ নম্বর) প্রশ্ন। সব ক্ষেত্রেই অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। প্রিলিমিনারি পরীক্ষায় পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা/বৃহত্তর কলকাতা, আসানসোল, হুগলি, কল্যাণী, দুর্গাপুর ও শিলিগুড়ি। পশ্চিমবঙ্গের স্টেট কোড ৪৬।

মেন পরীক্ষা হবে নভেম্বরে। ২২৫ নম্বরের পরীক্ষা। সময় ২ ঘণ্টা ৩৫ মিনিট। প্রশ্ন হবে রিজনিং (৪০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর) এবং পেশাদারি বিষয়ে অবজেক্টিভ ধরনের (১০০ নম্বর) ও ডেস্ক্রিপ্টিভ ধরনের (২৫ নম্বর)। ল অফিসার ও রাজভাষা অধিকারী পদের ক্ষেত্রে অতিরিক্ত থাকবে ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রি বিষয়ে গুরুত্ব-সহ জেনারেল অ্যাওয়্যারনেস (৩০ নম্বর) বিষয়ে প্রশ্ন এবং বাকি পদগুলির ক্ষেত্রে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউডের (৩০ নম্বর) প্রশ্ন। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা/বৃহত্তর কলকাতা, আসানসোল, দুর্গাপুর, কল্যাণী ও শিলিগুড়ি।

মেন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ইন্টারভিউয়ের জন্য ডাক পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in নিজের চালু ই-মেল আইডি থাকা চাই। অনলাইন দরখাস্ত করা যাবে ২১ জুলাই পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা, জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), একটি সাদা কাগজে কালো কালির পেনে করা সই (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), প্রার্থীর নিজের হাতে নির্দিষ্ট বয়ানে লেখা ডিক্লারেশন (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র (পিডিএফ ফর্ম্যাটে ৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ জমা দিতে হবে ৮৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। অনলাইনে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ত্রো), ইন্টারনেট ব্যাঙ্কিং, আইএমপিএস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস), ইউপিআই, ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিট এবং দরখাস্ত 'সাবমিট' করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# কৃষিতে পলিমালচিংয়ের ব্যবহার



মাটির উপরিভাগকে ঢেকে দিয়ে চাষ অনেক দিন ধরেই প্রচলিত রয়েছে। আধুনিক কৃষিতে এই কাজে ব্যবহার করা হচ্ছে পরিবেশের পক্ষে সহনীয় পুরু পলিথিনের চাদর। এই পদ্ধতিতে চাষের ফলে মাটির জলধারণ ক্ষমতা বাড়ে, মাটিবাহিত কীটের আক্রমণ কম করা যায়, আগাছা বৃদ্ধিজনিত সমস্যাও দূর হয়। বাণিজ্যিক চাষে এখন হামেশা ব্যবহৃত হচ্ছে পলিমালচিং পদ্ধতি। জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা **সৌমেন্দ্রনাথ দাস**।

ফসলের সন্তোষজনক বৃদ্ধি এবং উৎপাদন বৃদ্ধির জন্য বহু আগে থেকেই ভারতে কৃষিকাজে মালচিং নামে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কাজ কৃষকেরা করে আসছেন। চাষের কাজে মাটির উপরিভাগকে ঢেকে দেওয়ার কৌশলকেই আমরা মালচিং বলে থাকি। প্রাকৃতিক কৃষি অর্থাৎ ন্যাচারাল ফার্মিংয়ের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এই প্রক্রিয়া। মাটি ঢেকে দেওয়ার জন্য কৃষকেরা প্রাকৃতিক বস্তু, যেমন শুকনো খড়, গাছের শুকনো পাতা, আগাছা, এমনকী ফসলের নাড়াও ব্যবহার করেন।

আধুনিক কৃষি-ব্যবস্থাপনায় পলিথিন শিট ব্যবহারের কৌশলকে বলা হয় পলিমালচিং।

## পলিমালচিংয়ের সুবিধা

(১) মালচিংয়ে ব্যবহার করা পলিথিনের চাদরের মধ্য দিয়ে জল ঢুকতে পারে না। পলিথিনের চাদর জলের বাষ্পায়নকে বাধা দেয়, ফলে মাটি থেকে জল বেরিয়ে যেতে পারে না।

(২) মাটির মধ্যে থাকা গাছের খাদ্য-উপাদানগুলি জলের মাধ্যমে চুঁইয়ে মাটির গভীরে যেতে পারে না।

(৩) মাটির উপরিভাগে আগাছা বৃদ্ধিজনিত সমস্যা হয় না।

(৪) মাটির ভিতরের তাপমাত্রা ঠিকমতো বজায় রাখতে পলিমালচিং সাহায্য করে।

(৫) এই প্রযুক্তি গ্রহণের ফলে মাটির উপরিভাগে ভূমিক্ষয় কম হয়।

(৬) মাটির ভিতরে থাকা উপকারী জীবাণুদের কর্মক্ষমতা বৃদ্ধি পায়।

(৭) মাটিবাহিত কীট নিমাটোডের উপদ্রব বহুলাংশে কমে যায়।

(৮) সূর্যালোকের সাহায্যে মাটির সৌরকরণ অর্থাৎ সয়েল সোলারাইজেশনের কাজটি খুবই ভালো ভাবে করা যায়।

## পলিথিন চাদরের প্রকারভেদ

নানা ধরনের পলিথিন-ফিল্ম বাজারে এসে গেছে। এই কাজে সাধারণত এলডিপিই, এইচডিপিই এবং ক্রোকসিবিল পিভিসি চাদর ব্যবহার করা হয়। পলিথিন চাদর তাপ, বাতাস এবং জল অপরিবাহী। সেটিকে কমপক্ষে এক বছর অথবা একটি মরসুম ব্যবহারযোগ্য হতে হবে। পরিবেশবান্ধব পলিথিন চাদর সবচেয়ে বেশি গ্রহণযোগ্য। পলিথিন চাদর ব্যবহারের প্রথম দিকে এতে ব্যবহৃত ফিল্ম ছিল ৬০-৭৫ মাইক্রন পুরু। বর্তমানে ১৫ মাইক্রনের মালচ ফিল্ম বাজারে এসে গেছে। কৃষিকাজের কৌশল অনুযায়ী নানা রঙের— স্বচ্ছ, কালো, রুপোলি এবং হলুদ মালচ ফিল্ম তৈরি হয়েছে।

## পলিমালচিংয়ের ব্যবহার

বীজতলায় ফুল, ফল এবং সবজির চারা তৈরির জন্য পলিথিন চাদর ঢেকে দিলে সুফল পাওয়া যায়। পলিমালচিং পদ্ধতিতে বীজতলায় চারা উৎপাদন করতে গেলে বীজের অংকুরোদ্‌গমের সময়কাল ২-৩ দিন এগিয়ে আসে।

ফল, ফুল, সবজি চাষে বেড বা কেয়ারি এবং গাছের গোড়ার চারপাশের মাটি ঢেকে দেওয়া হয়। এর ফলে মাটির মধ্যে থাকা জলের অপচয় কমে, আগাছার উপদ্রব কম হয় এবং মাটির ভিতরে তাপমাত্রা সঠিক মাত্রায় বজায় থাকে। পলিমালচিং প্রযুক্তি ব্যবহার করে বাণিজ্যিক উপায়ে কুমড়ো, টম্যাটো, লংকা, ক্যাপসিকাম, শসা এবং ব্রকলির চাষ করা হয়। পরিবেশ সুরক্ষিত রেখে পলিমালচিংয়ের মাধ্যমে এই সব ফসলের উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হয়েছে।

ফলের মধ্যে স্ট্রবেরি, মেলন এবং ব্লুবেরি, ফুলের মধ্যে জারবেরা, গোলাপ, গ্ল্যাডিওলাস, চন্দ্রমল্লিকা, কার্নেশন প্রভৃতির বাণিজ্যিক চাষে পলিমালচিং ব্যবহার করা হচ্ছে। মশলার মধ্যে আদা, হলুদ চাষেও এর ব্যবহার শুরু হয়ে গেছে। শুষ্ক ও বর্ষাসেচের এলাকায় আম, পেয়ারা, লেবু, কুল, বেদানা এবং ড্রাগন ফল চাষে সফল ভাবে পলিমালচিংকে কাজে লাগানো হচ্ছে। ড্রিপ অর্থাৎ বিন্দু সেচ পদ্ধতিতে ফসলের চাষকে অধিকতর সফল ও কার্যকরী করা যায় পলিমালচিং প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে।

পুকুর কেটে বা পুকুরের গভীরতা বৃদ্ধির মাধ্যমে জল সংরক্ষণের জন্য পুকুরের তলদেশ ও চারপাশের দেওয়াল পলিথিন চাদর দিয়ে ঢেকে দেওয়া হয়। পশ্চিমবঙ্গে লাভজনক জলজ ফসল মাখানা চাষের জন্য নিচু এলাকায় বর্ষার জল সংরক্ষণ করতে, জমির নীচের মাটি পলিথিন চাদরে ঢেকে দেওয়া হয়। ফলে সঞ্চিত জল নীচের দিকে চুঁইয়ে মাটির গভীরে প্রবেশ করতে পারে না। ফলে সঞ্চিত জল দীর্ঘ সময় ধরা থাকে।

কী শিখবেন, কোথায় শিখবেন

# বাগান তৈরি, মাশরুম চাষ, মাইক্রোগ্রিন ফার্মিং স্বল্প মেয়াদের অনলাইন প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** ফুলগাছ দিয়ে সৌন্দর্যায়ন করা হয় রাস্তা, পার্ক, সরকারি-বেসরকারি অফিস, কলেজ, স্কুল, আবাসন, পেট্রোল পাম্প, হাসপাতাল ইত্যাদি জায়গার। শুধু গাছ রোপণ ও তার পরিচর্যাই সব নয়, কোন গাছের পাশে কোন গাছ লাগাতে হবে, সবুজ গাছ ছাঁটাই কী ভাবে করতে হবে, কী ভাবে বিভিন্ন অবয়ব তৈরি করতে হবে, লন কী ভাবে তৈরি করতে হবে ইত্যাদি জানতে হয় সৌন্দর্যায়নের জন্য। এই ধরনের কাজ করতে গেলে যেমন গাছ সম্পর্কে ধারণা থাকা প্রয়োজন, তেমনই শৈল্পিক মনন থাকাও দরকার। জানা প্রয়োজন, কী ভাবে এই ধরনের ল্যান্ডস্কেপ গার্ডেন রক্ষণাবেক্ষণ করতে হয়।

বাগান পরিচর্যা, ল্যান্ডস্কেপ তৈরি, বাণিজ্যিক ভাবে মাশরুম, মাইক্রোগ্রিন উৎপাদন ইত্যাদি একাধিক বিষয়ে চলতি মাসেই অনলাইন প্রশিক্ষণ দেবে উত্তরপ্রদেশের নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। বয়সের কোনও বাধানিষেধ নেই। মহিলা ও পুরুষ উভয়ই আবেদন করতে পারেন। নীচে কোর্সগুলি সম্পর্কে যাবতীয় তথ্য দেওয়া হল—

### ল্যান্ডস্কেপ অ্যান্ড গার্ডেন মেইনটেন্যান্স

কী পড়ানো হবে: মাটির স্বাস্থ্য, কী ভাবে ঘাসের লন তৈরি এবং তা রক্ষণাবেক্ষণ করতে হয়, মাইক্রো ইরিগেশন টেকনিক, প্রুনিং বা গাছ ছাঁটাই, বাগান পরিচর্যা ইত্যাদি।

ক্লাস: ২০-২২ জুলাই। প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত।

কোর্স ফি: ৫,৮৮০ টাকা।

### অনলাইন মডার্ন হোম গার্ডেনিং অ্যান্ড কেয়ার

কী পড়ানো হবে: টবের মাটি তৈরি, জল নিষ্কাশন ব্যবস্থা, গাছে জল দেওয়ার পদ্ধতি, আলোর প্রয়োজনীয়তা, প্রাকৃতিক কীটনাশক, গাছের খাদ্য, প্রুনিং ইত্যাদি।

ক্লাস: ১০ জুলাই। সকাল ১১টা থেকে দুপুর ১টা।

কোর্স ফি: ৯০০ টাকা।

### মাশরুম প্রোডাকশন

সুস্বাদু, স্বাস্থ্যকর ও ঔষধিগুণ থাকায় রান্নায় ও ওষুধ তৈরির জন্য চাহিদা বাড়ছে মাশরুমের। মাশরুম চাষ ও মাশরুমের ব্যবসা এই মুহূর্তে যথেষ্ট লাভজনক। চাষের জন্য আবাদি জমির প্রয়োজন হয় না। যে-কোনও বয়সের পুরুষ ও মহিলা ঘরে বসেই মাশরুম চাষ করতে পারেন। অভ্যন্তরীণ বাজার ছাড়াও বিদেশে রপ্তানির সুযোগ ভালোই। বাণিজ্যিক ভাবে মাশরুম চাষের জন্য প্রশিক্ষণ প্রয়োজন।

কী পড়ানো হবে: কম্পোস্ট প্রোডাকশন, স্পন প্রোডাকশন, চাষের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির ব্যবহার, অনুকূল পরিবেশ, সার, কীটনাশক ইত্যাদি।

ক্লাস: ১৬-১৮ জুলাই। প্রতিদিন দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে চারটে পর্যন্ত।

কোর্স ফি: ৬,৫৫০ টাকা।

### মাইক্রোগ্রিন ফার্মিং

মাইক্রোগ্রিন হল বীজ থেকে সদ্য জন্মানো ছোট ছোট গাছ। এগুলি সাধারণত এক থেকে তিন ইঞ্চি লম্বা হয়। সদ্য অঙ্কুরিত মাইক্রোগ্রিন নানা ধরনের ভিটামিন সমৃদ্ধ। পরিণত গাছের ফল ও বীজে যে-পরিমাণ পুষ্টি থাকে, মাইক্রোগ্রিনে থাকে তার চেয়ে প্রায় চল্লিশ গুণ পর্যন্ত বেশি পুষ্টি। মাইক্রোগ্রিনের চাহিদা বাড়ছে। তাই বাণিজ্যিক ভাবে মাইক্রোগ্রিন চাষ করার কথা বেকার তরুণ-তরুণীরা ভাবতে পারেন।



কী পড়ানো হবে: মাইক্রোগ্রিনের বীজ রোপণ থেকে পরিচর্যা, সংরক্ষণ এবং আধুনিক প্রযুক্তির ব্যবহার।

ক্লাস: ২৪-২৫ জুলাই। প্রতিদিন দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত।

কোর্স ফি: ৬,০০০ টাকা।

### আবেদনের পদ্ধতি

উপরে উল্লিখিত যে-কোনও কোর্সে ভর্তির জন্য আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iht.edu.in

অনলাইন কোর্সের পাশাপাশি এই প্রতিষ্ঠানে বিভিন্ন সময় এই বিষয়গুলি হাতেকলমে প্রশিক্ষণ দেওয়া হয়। সে ক্ষেত্রে হোস্টেলে থেকে প্রশিক্ষণ নেওয়া যায়।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট।

কী শিখবেন, কোথায় শিখবেন

# কৃত্রিম পরিবেশে কেশর চাষের অনলাইন ও অফলাইন প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** ভারতে কেশরের অর্থকরী চাষ হয় কাশ্মীরের পাম্পোরে। এ ছাড়াও কয়েক বছর হল ভারতের অন্য কয়েকটি রাজ্যে কৃত্রিম পরিবেশ গড়ে তুলে সফল ভাবে কেশর চাষ করা হচ্ছে। এই রাজ্যগুলির অন্যতম পশ্চিমবঙ্গ।

খাবার ছাড়াও প্রসাধনী ও ওষুধ তৈরিতে জাফরান বা কেশর ব্যবহার করা হয়। পৃথিবী জুড়ে এর বিপুল চাহিদা। দামও আকাশছোঁয়া।

এ-রাজ্যের বেকার তরুণ-তরুণীদের উপার্জনের দিশা দেখাতে পারে কৃত্রিম উপায়ে কেশর চাষ।

ঠিক ভাবে চাষ করতে পারলে এর থেকে আয় হবে যথেষ্ট। তবে তার আগে কৃত্রিম উপায়ে কেশর চাষের প্রশিক্ষণ জরুরি।

### কোথায় প্রশিক্ষণ

জুলাই মাসেই কেশর চাষের অফলাইন ও অনলাইন প্রশিক্ষণ দেবে উত্তরপ্রদেশের গ্রেটার নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। বয়সের কোনও বাধ্যবাধকতা নেই। মহিলা ও পুরুষ উভয়ই আবেদন করতে পারেন। হোস্টেলে থাকার ব্যবস্থা আছে। হোস্টেলে থাকা-খাওয়ার খরচ আলাদা।

কোর্সের নাম: স্যাফ্রন ফার্মিং।

কোর্সের মেয়াদ: অফলাইন: ১৩-১৫ জুলাই। প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত ক্লাস। অনলাইন: ১৩-১৪ জুলাই। প্রতিদিন দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত ক্লাস।

ফি: অফলাইন: ৯,৮৮০ টাকা। অনলাইন: ৫,৪০০ টাকা।

কী পড়বেন: উন্নত ও আধুনিক চাষের পদ্ধতি, জল ও সারের যথাযথ প্রয়োগ, রোগ প্রতিরোধ করার পদ্ধতি, ফসলের গুণগত মান বজায় রাখার পদ্ধতি।

পঠনপাঠনের মাধ্যম: হিন্দি এবং ইংরেজি।

আসনসংখ্যা: অফলাইনে ১৫ ও অনলাইনে ১০।

অনলাইন বা অফলাইন, যে-কোনও কোর্সে ভর্তির জন্যই অনলাইন আবেদন করতে হবে। আবেদনের পদ্ধতি ও অন্যান্য তথ্যের জন্য দেখুন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইট: https://iht.edu.in/view-courses/

# স্বল্প খরচে মাশরুম চাষের প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** পূর্ব মেদিনীপুরের কোলাঘাটে, বাথানবেড়িয়া শ্রীনিবাস বিদ্যামন্দিরে (উচ্চ মাধ্যমিক) মাশরুম চাষের ৬ মাসের প্রশিক্ষণ কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে। কোর্সটি পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি ও বৃত্তিমূলক এবং দক্ষতা উন্নয়ন পর্ষদ অনুমোদিত। অন্তত অষ্টম শ্রেণি পাশ করে থাকলেই প্রশিক্ষণ নেওয়া যাবে। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। ভর্তির ফি ৪০০ টাকা। আর কোনও খরচ নেই।

আগ্রহীরা ক্লাস এইট পাশের সার্টিফিকেট (উচ্চশিক্ষিতদের ক্ষেত্রে মাধ্যমিকের সার্টিফিকেট) ও আধার কার্ডের জেরক্স কপি, পাসপোর্ট মাপের ২টি ফটো ও ভর্তির ফি সঙ্গে নিয়ে এখনই যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: বাথানবেড়িয়া শ্রীনিবাস বিদ্যামন্দির (উচ্চ মাধ্যমিক), কোলাঘাট, পূর্ব মেদিনীপুর। ফোন: ৯৭৩২৮-৭০৮২২।

# দু'টি জীবিকামুখী অনলাইন কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** ফিনান্সিয়াল প্ল্যানিং, মিউচুয়াল ফান্ড, ইনশিওরেন্স, ট্যাক্স, এসআইপি, মার্কেট ফাংশন, শেয়ার মার্কেট, স্টক এক্সচেঞ্জ, ব্যাঙ্কিংয়ের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছে সেন্ট জেভিয়ার্স কলেজ। এই কলেজ এবং ফিন এক্স ইনস্টিটিউট লিমিটেড, যৌথ ভাবে দু'টি কোর্স করাচ্ছে। যাঁরা ব্যাঙ্কিং সেক্টরে বা ফিনান্সিয়াল অ্যাডভাইজর হিসেবে কাজ করতে চান, তাঁদের ক্ষেত্রে এই কোর্সদু'টি বিশেষ সহায়ক হবে। দু'টি কোর্সই পড়ানো হবে অনলাইন। কোর্স শেষে পরীক্ষাও হবে অনলাইন। ক্লাস শুরু হবে অগস্টে। ভর্তির জন্য আবেদন করতে পারেন এখনই।

### অ্যাক্রিডিটেড ওয়েলথ প্ল্যানার

কী পড়ানো হবে: রিস্ক-রিটার্ন, ফিনান্সিয়াল প্ল্যানিং, মিউচুয়াল ফান্ড, ইনশিওরেন্স, ফান্ড অপারেশন, ক্লায়েন্ট ইন্টার‍্যাকশন, সেলফ প্রোসেস ইত্যাদি। কোর্স ফি: ৩০,০০০ টাকা।

### সার্টিফায়েড মার্কেট এক্সপার্ট

কী পড়ানো হবে: স্টক ইনভেস্টিং, টেকনিক্যাল অ্যানালিসিস, ডেরিভেটিভ স্ট্র্যাটেজিস ইত্যাদি। কোর্স ফি: ৩৫,০০০ টাকা।

### কোর্সের খুঁটিনাটি

দু'টি কোর্সের ক্ষেত্রেই যোগ্যতা: উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ, স্নাতক পাঠরত এবং চাকরিরতরা আবেদন করতে পারেন।

কোর্সের মেয়াদ: ১০০ ঘণ্টা। ক্লাস শুরু: অগস্ট থেকে। ক্লাসের সময়: সোম থেকে শনি বিকেল ৪টে থেকে সন্ধে ৬টা। আবেদনের ফি: ২০০ টাকা।

আবেদনের পদ্ধতি: অনলাইন আবেদন করতে হবে সেন্ট জেভিয়ার্স কলেজের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://sxccal.edu/ বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই। আবেদনের শেষ তারিখ এখনও ঘোষণা করা হয়নি।

# রেলে ৬৫৫৭

*প্রথম পাতার পর*

এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ব্ল্যাকস্মিথ:** ৩০৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ফর্জার অ্যান্ড হিট ট্রিটার বা ফাউন্ড্রিম্যান বা প্যাটার্ন মেকার বা মোল্ডার (রিফ্র্যাক্টরি) ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ব্রিজ:** ৩৪টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার বা স্ট্রাকচারাল ফিটার বা ওয়েল্ডার ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ক্যারেজ অ্যান্ড ওয়াগন:** ৫০১টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার বা কার্পেন্টার বা ওয়েল্ডার বা প্লাম্বার বা পাইপ ফিটার ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ডিজেল (ইলেক্ট্রিক্যাল):** ২০৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান বা মেকানিক অটো ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ওয়্যারম্যান বা ইলেক্ট্রনিক্স মেকানিক বা মেকানিক পাওয়ার ইলেক্ট্রনিক্স ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ডিজেল (মেকানিক্যাল):** ৩৪৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার বা মেকানিক ডিজেল বা মেকানিক (রিপেয়ার অ্যান্ড মেইন্টেন্যান্স অব হেভি ভেহিক্যলস) বা মেকানিক অটোমোবাইল (অ্যাডভান্সড ডিজেল ইঞ্জিন) বা মেকানিক (মোটর ভেহিক্যল) বা ট্রাক্টর মেকানিক বা ওয়েল্ডার বা পেইন্টার (জেনারেল) ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ইলেক্ট্রিক্যাল/টিআরএস:** ২৬৮টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান বা ওয়্যারম্যান বা ইলেক্ট্রনিক্স মেকানিক বা মেকানিক পাওয়ার ইলেক্ট্রনিক্স বা মেকানিক (এইচটি, এলটি ইক্যুইপমেন্টস অ্যান্ড কেবল জয়েন্টিং) বা ফিটার বা ওয়েল্ডার বা পেইন্টার (জেনারেল) বা মেশিনিস্ট বা কার্পেন্টার ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ইলেক্ট্রিক্যাল (জিএস):** ৩২৯টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান বা ওয়্যারম্যান বা মেকানিক (এইচটি, এলটি ইক্যুইপমেন্টস অ্যান্ড কেবল জয়েন্টিং) বা ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ইলেক্ট্রিক্যাল (টিআরডি):** ১৫২টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান বা ওয়্যারম্যান বা মেকানিক (এইচটি, এলটি ইক্যুইপমেন্টস অ্যান্ড কেবল জয়েন্টিং) বা ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ইএমইউ:** ১৪৭টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান বা ওয়্যারম্যান বা ইলেক্ট্রনিক্স মেকানিক বা মেকানিক পাওয়ার ইলেক্ট্রনিক্স বা মেকানিক (এইচটি, এলটি ইক্যুইপমেন্টস অ্যান্ড কেবল জয়েন্টিং) বা ফিটার বা ওয়েল্ডার বা পেইন্টার জেনারেল বা মেশিনিস্ট বা কার্পেন্টার বা অপারেটর অ্যাডভান্সড মেশিন টুল ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ফিটার (ওএল):** ৪৬৯টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং:** ১৬২টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক বা ইলেক্ট্রিশিয়ান বা ওয়্যারম্যান বা ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি (এস অ্যান্ড টি):** ৩২০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান বা ওয়্যারম্যান বা ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ। ফিজিক্স বা ম্যাথমেটিক্স-সহ উচ্চ মাধ্যমিক পাশ করলেও আবেদন করা যাবে।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ওয়েল্ডার (ওএল):** ১৫০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ওয়েল্ডার বা ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) বা ওয়েল্ডার (স্ট্রাকচারাল) বা ওয়েল্ডার (পাইপ) বা ওয়েল্ডার (টিগ/মিগ) বা ওয়েল্ডার (ফেব্রিকেশন অ্যান্ড ফিটিং) ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ক্রেন ড্রাইভার:** ১৩টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে মেকানিক (মোটর ভেহিক্যল) বা মেটিরিয়াল হ্যান্ডলিং ইক্যুইপমেন্ট কাম অপারেটর বা ক্রেন অপারেটর বা অপারেটর লোকোমোটিভ অ্যান্ড রেল ক্রেনস ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি কার্পেন্টার (ওয়ার্কশপ):** ২২৯টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে কার্পেন্টার বা ফার্নিচার অ্যান্ড ক্যাবিনেট মেকার ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ইলেক্ট্রিক্যাল (পিইউ অ্যান্ড ডব্লুএস):** ১২৮টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান বা ওয়্যারম্যান বা ইলেক্ট্রনিক্স মেকানিক বা মেকানিক পাওয়ার ইলেক্ট্রনিক্স বা মেকানিক মেকট্রনিক্স ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ফিটার (পিইউ অ্যান্ড ডব্লুএস):** ১,১০৯টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি মেশিনিস্ট (ওয়ার্কশপ):** ১২৩টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে মেশিনিস্ট বা টার্নার বা মেশিনিস্ট (গ্রাইন্ডার) বা অপারেটর অ্যাডভান্সড মেশিন টুল ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি মেকানিক্যাল (ওয়ার্কশপ):** ১৯৩টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার বা ওয়েল্ডার বা মেশিনিস্ট বা মেশিনিস্ট (গ্রাইন্ডার) বা মেকানিক মেকট্রনিক্স বা টার্নার বা অপারেটর অ্যাডভান্সড মেশিন টুলস বা সিএনসি প্রোগ্রামার কাম অপারেটর ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি মিলরাইট:** ১৭০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে মিলরাইট মেইন্টেন্যান্স মেকানিক বা মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স বা মেকানিক অ্যাডভান্সড মেশিন টুল মেইন্টেন্যান্স ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি পেইন্টার (ওয়ার্কশপ):** ৭৭টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে পেইন্টার জেনারেল বা ডোমেস্টিক পেইন্টার বা ইন্ডাস্ট্রিয়াল পেইন্টার ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ট্রিমার (ওয়ার্কশপ):** ৪৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে টেলর (জেনারেল) বা আপহোলস্টারার বা কাটিং অ্যান্ড সিউয়িং বা সিউয়িং টেকনোলজি বা ড্রেস মেকিং বা ডিজাইনার অ্যান্ড মাস্টার কাটার ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**টেকনিশিয়ান গ্রেড থ্রি ওয়েল্ডার (পিইউ অ্যান্ড ডব্লুএস):** ৫৮৪টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ওয়েল্ডার বা ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) বা ওয়েল্ডার (স্ট্রাকচারাল) বা ওয়েল্ডার (পাইপ) বা ওয়েল্ডার (টিগ/মিগ) বা ওয়েল্ডার (ফেব্রিকেশন অ্যান্ড ফিটিং) ট্রেডে এসসিভিটি বা এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।

**বয়স:** ১-৭-২০২৬ তারিখে টেকনিশিয়ান গ্রেড ওয়ান সিগন্যাল পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে এবং টেকনিশিয়ান গ্রেড থ্রি পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**মেডিক্যাল স্ট্যান্ডার্ড:** টেকনিশিয়ান গ্রেড থ্রি ক্রেন ড্রাইভার পদের ক্ষেত্রে বি টু। টেকনিশিয়ান গ্রেড থ্রি ট্র্যাক মেশিন পদের ক্ষেত্রে এ থ্রি। টেকনিশিয়ান গ্রেড ওয়ান সিগন্যাল, টেকনিশিয়ান গ্রেড থ্রি ব্ল্যাকস্মিথ, ব্রিজ, ক্যারেজ অ্যান্ড ওয়াগন, ডিজেল (ইলেক্ট্রিক্যাল), ডিজেল (মেকানিক্যাল), ইলেক্ট্রিক্যাল/টিআরএস, ইলেক্ট্রিক্যাল (জিএস), ইলেক্ট্রিক্যাল (টিআরডি), ইএমইউ, ফিটার (ওএল), রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, এস অ্যান্ড টি, ওয়েল্ডার (ওএল) পদের ক্ষেত্রে বি ওয়ান। বাকি সবক'টি পদের ক্ষেত্রে সি ওয়ান মানের হতে হবে।

**শুরুতে বেতন:** টেকনিশিয়ান গ্রেড ওয়ান সিগন্যাল পদের ক্ষেত্রে ২৯,২০০ টাকা এবং টেকনিশিয়ান গ্রেড থ্রি পদের ক্ষেত্রে ১৯,৯০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, নথিপত্র যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। টেকনিশিয়ান গ্রেড ওয়ান পদের ক্ষেত্রে পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস (১০ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (১৫ নম্বর), বেসিকস অব কম্পিউটারস অ্যান্ড অ্যাপ্লিকেশনস (২০ নম্বর), ম্যাথমেটিক্স (২০ নম্বর) ও বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (৩৫ নম্বর) বিষয়ে প্রশ্ন। মোট নম্বর ১০০। সময় দেড় ঘণ্টা।

টেকনিশিয়ান গ্রেড থ্রি পদের ক্ষেত্রে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় থাকবে ম্যাথমেটিক্স (২৫ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (২৫ নম্বর), জেনারেল সায়েন্স (৪০ নম্বর) ও জেনারেল অ্যাওয়্যারনেস (১০ নম্বর) বিষয়ে প্রশ্ন। মোট নম্বর ১০০। সময় দেড় ঘণ্টা। উভয় ক্ষেত্রেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে প্রার্থী যে-আরআরবি-র শূন্যপদে আবেদন করবেন, তার নির্দিষ্ট ওয়েবসাইটে। পশ্চিমবঙ্গের আরআরবি-র ওয়েবসাইটগুলি হল— www.rrbkolkata.gov.in (কলকাতা আরআরবি), www.rrbsiliguri.gov.in (শিলিগুড়ি আরআরবি), www.rrbmalda.gov.in (মালদা আরআরবি)।

অনলাইন দরখাস্ত করা যাবে ২৯ জুলাই পর্যন্ত।

প্রার্থীকে প্রথমে সংশ্লিষ্ট ওয়েবসাইটে অ্যাকাউন্ট খুলতে হবে। যাঁদের আগে থেকেই অ্যাকাউন্ট রয়েছে, তাঁদের আর নতুন করে অ্যাকাউন্ট খোলার প্রয়োজন নেই।

দরখাস্ত করার সময় প্রার্থীর সাদা কাগজে কালো কালিতে করা সই (জেপেগ ফর্ম্যাটে ৩০-৪৯ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে তফসিলি সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ৪০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। অনলাইন ফর্ম যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (যাঁরা কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় বসবেন, তাঁদের ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে ৪০০ টাকা ফেরত দেওয়া হবে)। মহিলা, তফসিলি, আর্থিক ভাবে অনগ্রসর (ইবিসি), প্রাক্তন সমরকর্মী, দৈহিক প্রতিবন্ধী, সংখ্যালঘু, ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে দিতে হবে ২৫০ টাকা (এ ক্ষেত্রে যাঁরা কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় বসবেন, তাঁদের ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে পুরো ফি ফেরত দেওয়া হবে)। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩১ জুলাই।

দরখাস্ত সংশোধন করা যাবে ১ থেকে ১০ অগস্ট পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। এ ছাড়াও দেখতে পারেন এই ওয়েবসাইটটি: www.rrbapply.gov.in

# ৮ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৬৭১৫ প্রবেশনারি অফিসার

*প্রথম পাতার পর*

করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব মহারাষ্ট্র:** ১,১০০টি (সাধারণ ৪৪৬, তফসিলি জাতি ১৬৫, তফসিলি উপজাতি ৮২, ওবিসি ২৯৭, আর্থিক ভাবে অনগ্রসর ১১০)। এর মধ্যে ১১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **কানাড়া ব্যাঙ্ক:** ১,৫০০টি (সাধারণ ৬০৮, তফসিলি জাতি ২২৫, তফসিলি উপজাতি ১১২, ওবিসি ৪০৫, আর্থিক ভাবে অনগ্রসর ১৫০)। এর মধ্যে ১৫টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** ৫০০টি (সাধারণ ২০৩, তফসিলি জাতি ৭৫, তফসিলি উপজাতি ৩৭, ওবিসি ১৩৫, আর্থিক ভাবে অনগ্রসর ৫০)। এর মধ্যে ৫টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক:** ৫৫০টি (সাধারণ ২২৩, তফসিলি জাতি ৮৪, তফসিলি উপজাতি ৪১, ওবিসি ১৪৮, আর্থিক ভাবে অনগ্রসর ৫৪)। এর মধ্যে ৯টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, ৮টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, ৬টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও ৮টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক:** ১৬১টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ১৩, ওবিসি ৪৭, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)। এর মধ্যে ৪টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও ৯টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক:** ৫০৪টি (সাধারণ ২০৪, তফসিলি জাতি ৭৬, তফসিলি উপজাতি ৩৮, ওবিসি ১৩৬, আর্থিক ভাবে অনগ্রসর ৫০)। এর মধ্যে ৫টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট বা সমতুল।

**বয়স:** ১-৭-২০২৬ তারিখে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা।

অনলাইন পরীক্ষা হবে দু'পর্যায়ে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩০), রিজনিং এবিলিটি (৪০)। প্রতি বিষয়ে সময়সীমা ২০ মিনিট। এই পরীক্ষায় পাশ করলে মেন পরীক্ষার জন্য বিবেচিত হবেন। মেন পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): রিজনিং (৬০), জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস/ডিজিটাল/ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস (৬০), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২০), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৬০), ডেস্ক্রিপটিভ (এসে অ্যান্ড কম্প্রিহেনশন) (২৫)। মোট সময়সীমা ৩ ঘণ্টা ১০ মিনিট।

ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য অতিরিক্ত এক-চতুর্থাংশ নম্বর কাটা যাবে।

পরীক্ষা হবে দেশ জুড়ে বিভিন্ন কেন্দ্রে। পশ্চিমবঙ্গের স্টেট কোড ৪৬। প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্রগুলি হল: কলকাতা/বৃহত্তর কলকাতা, বর্ধমান, আসানসোল, হুগলি, কল্যাণী, দুর্গাপুর ও শিলিগুড়ি। মেন পরীক্ষার কেন্দ্রগুলি হল: কলকাতা/বৃহত্তর কলকাতা, আসানসোল, দুর্গাপুর, কল্যাণী ও শিলিগুড়ি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। ২১ জুলাই পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে।

মনে রাখবেন, দরখাস্ত করার সময় সম্প্রতি তোলা নিজের পাসপোর্ট মাপের একটি রঙিন ফটো (হালকা রং বা সাদা ব্যাকগ্রাউন্ডে, ২০০×২৩০ পিক্সেলে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), একটি সাদা কাগজে কালো কালির পেনে করা সই (১৪০×৬০ পিক্সেলে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেলে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), নিজের হাতে লেখা এই ঘোষণা— "I, ______ (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required." (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং প্রয়োজনীয় নথিপত্র (পিডিএফ ফর্ম্যাটে ৫০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

পরীক্ষার ফি বাবদ জমা দিতে হবে ৮৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ত্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আইএমপিএস) বা ইউপিআই বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# JANA SMALL FINANCE BANK

(A Scheduled Commercial Bank)

## প্রতি মাসের 1 তারিখকে আরও আকর্ষণীয় করে তোলা সুদ

উপভোগ করুন

**মাসিক সুদ**

**7%*** প্রতি বছর

+

জিরো ফি ব্যাঙ্কিং#

Apollo PHARMACY Circle Membership

## JULY 2026



| SUN | MON | TUE | WED | THU | FRI | SAT |
|---|---|---|---|---|---|---|
| | | | 1 | 2 | 3 | 4 |
| 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 |
| 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 |
| 26 | 27 | 28 | 29 | 30 | 31 | |

RuPay SELECT DEBIT CARD

কমপ্লিমেন্টারি লাউঞ্জ অ্যাক্সেস*

ফ্রি হেলথ্ চেক-আপ

Thyrocare Tests you can trust

SRL Diagnostics

## লেজেন্ড

## প্রবীণ নাগরিক সঞ্চয় অ্যাকাউন্ট

**1800 2080**

*Terms and Conditions Apply
#On selected transaction only.

# কারেন্ট অ্যাফেয়ার্স ১

১৬ জুন-২৬ জুন

**১৬ জুন** একই দিনে আমেরিকা এবং রাশিয়ার দুই বোমারু বিমান দুর্ঘটনায় পড়ল। রাশিয়ায় কারও মৃত্যু না হলেও আমেরিকার ক্যালিফোর্নিয়া প্রদেশে বিমান ভেঙে পড়ার ঘটনায় আটজন আরোহীর মৃত্যু হয়েছে। কালিফোর্নিয়ার মোজাভে মরুভূমিতে অবস্থিত আমেরিকান বায়ুসেনার এডওয়ার্ডস ঘাঁটি থেকে ওড়ার পরই ভেঙে পড়ে একটি বি-৫২ বোমারু বিমান। অন্যদিকে রাশিয়ার ইরকুটস্কে টি ইউ-২২ এম থ্রি বোমারু বিমানটি আঙ্গারা নদীর ধারে এক অরণ্যে ভেঙে পড়ে।

## জি ৭ সম্মেলনে হরমুজ নিয়ে সরব হলেন মোদী




১৬ জুন: ফ্রান্সে জি-৭ সম্মেলনে যোগ দিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মুখোমুখি হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ২০২৫ সালের ফেব্রুয়ারিতে হোয়াইট হাউসে শেষবার বৈঠক হয়েছিল মোদী ও ট্রাম্পের। ভারত জি-৭-এ বিশেষ আমন্ত্রিত দেশ। ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল মাকরঁ-র আমন্ত্রণে এভিয়ঁ লে বঁ-তে সম্মেলনে যোগ দেন মোদী। সম্মেলনে ট্রাম্পের সামনেই হরমুজ প্রণালী দিয়ে বাণিজ্য ব্যাহত হওয়ার কথা তুলে মোদী বলেন, বেশ কয়েকজন সাধারণ ভারতীয়ের প্রাণ গিয়েছে। যে নাবিকেরা নৌ-বাণিজ্যে পৃথিবীকে জোড়েন, তাঁদের নিরাপত্তা আমাদের দায়িত্ব। সমুদ্র পথগুলি যাতে নিরাপদ থাকে এবং নাবিকেরা যাতে নিরাপদে কাজ করতে পারেন, তা আমাদের নিশ্চিত করতে হবে।

**১৭ জুন** দুর্নীতির মামলায় গ্রেফতার হলেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী উদয়ন গুহ। সাম্প্রতিক গ্রেফতার হওয়াদের তালিকায় সুজিত বসু, উজ্জ্বল বিশ্বাস, দিলীপ মণ্ডলদের পর আরও এক প্রাক্তন মন্ত্রীর নাম যোগ হল। কলকাতার কাঁকুড়গাছি মোড়ের একটি আবাসন থেকে প্রাক্তন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়নকে ধরা হয়েছে। পুলিশ জানিয়েছে, প্রধানমন্ত্রী আবাস যোজনায় দুর্নীতির অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে।

## প্রয়াত জেমস বারোস



২০ জুন: বিভিন্ন টেলিভিশন শোয়ে হাজারেরও বেশি পর্ব পরিচালনা করা মার্কিন পরিচালক জেমস বারোস (৮৫) প্রয়াত হলেন। স্ট্যান্ড আপ কমেডি শোয়ের জন্য বিখ্যাত তিনি। বারোস পরিচালিত টেলিভিশন শোগুলির অন্যতম হল 'ফ্রেন্ডস', 'চিয়ার্স', 'ট্যাক্সি', 'উইল অ্যান্ড গ্রেস', 'ফ্রেজিয়ার', 'থার্ড রক ফ্রম দ্য সান'।

## আমেরিকা-ইরানের মধ্যে স্থগিত শান্তিচুক্তি



১৯ জুন: চুক্তি হয়েও হল না আমেরিকা ও ইরানের মধ্যে। ১৭ জুন ফ্রান্সে জি-৭ বৈঠকের ফাঁকে 'ভার্চুয়াল' পদ্ধতিতে আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের মধ্যে শান্তিচুক্তি স্বাক্ষরিত হয়েছিল। তেহরানের শর্ত অনুযায়ী, চুক্তির একটি বড় অংশ জুড়ে ছিল লেবাননের উপর ইজরায়েলের হামলা বন্ধের প্রসঙ্গ। যদিও ইরানের সেই দাবি অস্বীকার করে লেবাননের উপরে টানা হামলা চালাচ্ছিল ইজরায়েল। এই পরিস্থিতিতে এদিন ইরান পাল্টা হুঁশিয়ারি দিয়েছে লেবাননে হামলা বন্ধ না হলে আমেরিকার সঙ্গে শান্তি আলোচনা এগিয়ে নিয়ে যেতে আগ্রহী নয় তেহরান। উদ্ভূত জটিলতার ফলেই, সুইৎজারল্যান্ডের জেনিভায় এদিন বাতিল হল ইরান-আমেরিকার শান্তিচুক্তি স্বাক্ষরের অনুষ্ঠান।



"ইজরায়েল যে গাজায় গণহত্যা চালিয়েছে, সে বিষয়ে গত বছরেই নিশ্চিত ছিল তদন্ত কমিটি। কিন্তু ইজরায়েলি নৃশংসতা সেখানেই শেষ হয়নি। তারা প্যালেস্টাইনি শিশুদের লক্ষ্য করে সামরিক অভিযান চালিয়ে যাচ্ছে, যার ফলে অভূতপূর্ব মৃত্যু, জখম হওয়া এবং মানসিক আঘাতের ঘটনা ঘটেই চলেছে।"

রাষ্ট্রপুঞ্জ

সংস্থার বিশেষ কমিশনের রিপোর্টে গাজা ভূখণ্ডের শিশুরা ইজরায়েলি হামলার লক্ষ্যবস্তু বলে জানিয়ে

## জি টি এ থেকে ইস্তফা অনীত থাপার



১৭ জুন: গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন (জিটিএ)-র চিফ এগজিকিউটিভ পদ থেকে ইস্তফা দিলেন অনীত থাপা। প্রজাতান্ত্রিক মোর্চার শীর্ষ নেতা অনীত জিটিএ-র নির্বাচিত সদস্য পদ থেকেও পদত্যাগ করেছেন। একদিন আগেই কার্শিয়াংয়ে গিয়ে জিটিএ-তে দুর্নীতির তদন্তের কথা বলেছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তাঁর সফরের ২৪ ঘণ্টা না পেরতেই জিটিএ-র শীর্ষপদ থেকে ইস্তফা দিলেন অনীত। তারপরই জিটিএ থেকে প্রজাতান্ত্রিক মোর্চার আরও কয়েকজন সদস্যও পদত্যাগ করেন। অনীত বলেন, 'ডাবল ইঞ্জিন সরকার এখন ক্ষমতায়। জিটিএ পাহাড়বাসীর আশা-আকাঙ্ক্ষা, দাবি পূরণের অন্তরায় বলে মনে করা হচ্ছে এবং তেমন প্রচারও হচ্ছে। পাহাড় এবং জাতির স্বার্থে সরে দাঁড়াচ্ছি।'

## প্রধানমন্ত্রী পদ থেকে ইস্তফা স্টার্মারের



২২ জুন: ব্রিটেনের প্রধানমন্ত্রী পদ থেকে ইস্তফা দেওয়ার ঘোষণা করলেন কিয়র স্টার্মার। জানালেন, ব্রিটেনের শাসক দল লেবার পার্টির নেতা হিসেবে সরে দাড়াচ্ছেন তিনি। পরবর্তী লেবার নেতা নির্বাচন হওয়ার আগে পর্যন্ত ব্রিটিশ প্রধানমন্ত্রীর কাজ চালিয়ে যাবেন তিনি। প্রথা মেনে রাজা তৃতীয় চার্লসকে নিজের ইস্তফার কথা জানিয়ে দেন স্টার্মার। উল্লেখ্য, এই নিয়ে গত দশ বছরে সপ্তমবার প্রধানমন্ত্রী বদলাচ্ছে ব্রিটেনে।

**১৮ জুন** গত অর্থবর্ষে কর্মী প্রভিডেন্ট ফান্ডে জমা টাকায় ৮.২৫% সুদ দিতে সায় দিল কেন্দ্র। এই নিয়ে টানা তিন বছর একই থাকল সুদের হার। মার্চে ৮.২৫% সুদে সম্মতি দিয়েছিল পিএফের অছি পরিষদ। মন্ত্রক সূত্রে জানা গিয়েছে এ মাসের মধ্যেই প্রায় ৭ কোটি সদস্যের অ্যাকাউন্টে সুদের টাকা ঢুকবে। দেশের শ্রমিক সংগঠনগুলি এ নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেছে। বাজারে জিনিসপত্রের দাম যেভাবে বাড়ছে, তাতে ২০২৩-২৪ অর্থবর্ষ থেকে টানা তিনবছর সুদ বৃদ্ধি না পাওয়ায় সাধারণ কর্মীরাই অসুবিধার মুখে পড়বেন বলে ক্ষোভ জানিয়েছেন তাঁরা।

কলকাতা হাইকোর্ট বিধানসভায় বিরোধী দলনেতা নির্বাচনে স্পিকারের সিদ্ধান্তে কোনও হস্তক্ষেপ করল না। 'বিদ্রোহী' বিধায়ক ঋতব্রত বন্দ্যোপাধ্যায়কে বিরোধী দলনেতা হিসাবে স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্তের উপরে স্থগিতাদেশ চেয়ে তৃণমূল বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায়ের আবেদন খারিজ করে দিলেন বিচারপতি কৃষ্ণ রাও। এর পাশাপাশি, 'বিদ্রোহী' দুই বিধায়ক ঋতব্রত ও সন্দীপন সাহাকে বহিষ্কারের যে ঘোষণা আদি তৃণমূল করেছিল সেই সিদ্ধান্তেও আপাতত স্থগিতাদেশ দিয়েছে আলিপুর দেওয়ানি আদালত।

**১৯ জুন** নিরাপদ ফুটপাতের অভাব এবং যানবাহনের আধিপত্যকে একটি 'সভ্যতার সমস্যা' বলে বর্ণনা করল সুপ্রিম কোর্ট। শেখ রিয়াজ বনাম পি আয়াপ্পান মামলায় এই গুরুত্বপূর্ণ রায় দিয়েছে সুপ্রিম কোর্ট। বাবার সঙ্গে স্কুলে যাওয়ার পথে ট্যাঙ্কারের ধাক্কায় পাঁচ বছর বয়সি এক শিশুর মৃত্যুতে মামলাটি দায়ের হয়েছিল। আদালতের পর্যবেক্ষণ ওই রাস্তায় কোনও ফুটপাত বা পারাপারের ব্যবস্থা ছিল না। এই ঘটনায় হাইকোর্টের ক্ষতিপূরণ কমানোর নির্দেশ বাতিল করে মৃত শিশুর পরিবারকে ১১ লক্ষ ৪৪ হাজার টাকা ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। সেইসঙ্গে পথচারীদের জন্য নির্দিষ্ট ফুটপাত দিয়ে নিরাপদে হাঁটার অধিকারকে মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি দিয়েছে সুপ্রিম কোর্ট।

**২০ জুন** সংঘর্ষ বন্ধ করার কথা ঘোষণা করার পরেও লেবাননে হামলা চালাল ইজরায়েল। পাল্টা পদক্ষেপ হিসেবে ইরান ফের হরমুজ প্রণালী বন্ধ করার কথা ঘোষণা করল। ইরানকে হুঁশিয়ারি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পও। তিনি বলেছেন, ৬০ দিনের মধ্যে চূড়ান্ত শান্তি চুক্তি না হলে আমেরিকা হরমুজ প্রণালীর উপরে শুল্ক চাপাবে। লেবাননের সংবাদমাধ্যম সূত্রের দাবি, একদিনেই সেখানে ৩২ জনের মৃত্যু হয়েছে। ফলে গত ২ মার্চ থেকে ইজরায়েলের হামলায় সে দেশে মৃত্যু চার হাজার ছাড়াল।

কলকাতার গার্ডেনরিচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স (জিআরএসই) নবরত্ন সংস্থার মর্যাদা পেল। অর্থমন্ত্রকের রাষ্ট্রায়ত্ত সংস্থা সংক্রান্ত বিভাগ এই স্বীকৃতি দিয়েছে। ২০০৬ সালে জিআরএসই 'মিনিরত্ন' গোত্রের প্রথম সারির সংস্থার স্বীকৃতি পেয়েছিল। জিআরএসই সূত্রের খবর, গত তিন বছরে তাদের ব্যবসা এবং আয় বিপুল বৃদ্ধি পেয়েছে। নিট মুনাফা ১৯০ কোটি টাকা থেকে ৭৪৮ কোটি টাকায় পৌঁছেছে। অন্যদিকে ২১ জুন জিআরএসই-র তৈরি আইএনএস দুনাগিরি, অগ্রে এবং সংশোধক নামে তিনটি নৌসেনার জাহাজের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

ভারত সফরে আসা আফগানিস্তানকে একদিনের ক্রিকেট সিরিজে দুরমুশ করল ভারত। তিন ম্যাচের সিরিজ ৩-০ জিতল তারা। চেন্নাইয়ের এম এ চিদম্বরম স্টেডিয়ামে শেষ ম্যাচে আফগানিস্তান প্রথমে ব্যাট করে ৪৪.২ ওভারে ২১৮ রান তোলে। জবাবে ৯ উইকেটে জিতে যায় ভারত। ২৮.৪ ওভারে ১ উইকেট হারিয়ে ২২৪ রানে পৌঁছে যায় তারা। যশস্বী জয়সওয়াল ৮৬ বলে ১১৩ রান করেন। তবে ৫ উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়েছেন প্রসিদ্ধ কৃষ্ণ।

## জি ৭-এর ফাঁকে ট্রাম্প এবং ইইউ-এর সঙ্গে বৈঠক মোদীর




১৭ জুন: ফ্রান্সের এভিয়ঁ লে বঁ-তে জি-৭ সম্মেলনের পার্শ্ববৈঠকে মিলিত হলেন নরেন্দ্র মোদী ও ডোনাল্ড ট্রাম্প। মোদীর ভূয়সী প্রশংসা করে ট্রাম্প জানিয়েছেন, তাঁর শাসনকালে ভারত সবসময় হোয়াইট হাউসকে পাশে পাবে। ভারত কখনও আক্রান্ত হলে তিনি সাহায্য করবেন। দু'দেশের বাণিজ্য চুক্তির সম্ভাবনাও উজ্জ্বল। অবশ্য কূটনৈতিক মহলের ব্যাখ্যা, ট্রাম্প এদিন মোদীর প্রশংসা করলেও পরদিনই যে ভারতকে মৌখিক আক্রমণ করবেন না এমনটা নিশ্চিতভাবে বলা যায় না। অন্যদিকে, এদিন মোদীর সঙ্গে ইউরোপীয় ইউনিয়নেরও পার্শ্ববৈঠক হয়েছে। ত্রিপাক্ষিক এই বৈঠকে ছিলেন ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডার লিয়েন এবং ইউরোপিয়ান কাউন্সিলের প্রেসিডেন্ট আন্তোনিও কোস্তাও। পরে উরসুলা এক্স-এ লেখেন, 'বিশ্বের বৃহত্তম বাণিজ্য চুক্তির ব্যাপারে ভারতের সঙ্গে আমাদের কথাবার্তা চূড়ান্ত হয়ে গিয়েছে। আমরা এখন প্রতিশ্রুতি রক্ষার পথে দ্রুত এগোচ্ছি।'

**২১ জুন** সুইৎজারল্যান্ডের লুসার্ন হ্রদের পাড়ে বার্জেনস্টকের এক রিসর্টে অবশেষে মুখোমুখি আলোচনায় বসল দুই যুযুধান দেশ আমেরিকা ও ইরান। পাকাপাকিভাবে যুদ্ধ বন্ধ করতে রাস্তা খোঁজাই এই বৈঠকের উদ্দেশ্য। ইরানের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন সে দেশের পার্লামেন্টের স্পিকার মহম্মদ বাঘের গালিবাফ। আমেরিকার পক্ষে এসেছেন সেদেশের ভাইস প্রেসিডেন্ট জে ডি ভান্স। বৈঠকে মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ এবং সেদেশের সেনাপ্রধান আসিম মুনির। এদিন বিকেলে শুরু হয় দু-পক্ষের শান্তি আলোচনা। বিষয়টিকে 'ঐতিহাসিক' ঘটনা বলে ব্যাখ্যা করেছেন ভান্স।

## জলবায়ু পরিবর্তনের কারণে দেশের উপকূলীয় এলাকায় বিপদ ঘনাবে, দাবি রিপোর্টে



২০ জুন: আগামী পনেরো বছরের মধ্যে সুন্দরবন এবং পূর্ব মেদিনীপুর-সহ দেশের উপকূলীয় এলাকাগুলি জলবায়ু পরিবর্তনের কারণে বিপদে পড়বে বলে দাবি করলেন বিশেষজ্ঞরা। বেঙ্গালুরুর আজিম প্রেমজি বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত একটি রিপোর্টে বলা হয়েছে, ১৯৬০ সালের তুলনায় দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরের গড় উষ্ণতা ১ ডিগ্রি সেলসিয়াস বেড়েছে। পূর্ব মেদিনীপুরের শীতকালীন বৃষ্টিও (উত্তর-পূর্ব মৌসুমি বায়ুর জেরে) ১১ শতাংশ বেড়েছে। রিপোর্টে বিশেষজ্ঞরা দাবি করেছেন যে, ২০৪০ সাল নাগাদ দেশের ৪০টি উপকূলীয় জেলার গ্রীষ্মের গড় তাপমাত্রা ১ ডিগ্রি সেলসিয়াসের বেশি বাড়বে। এর মধ্যে সবথেকে বেশি তাপমাত্রা বাড়তে পারে এর্নাকুলামে। বৃষ্টির জেরে বিপন্ন হতে পারে মুম্বই শহরতলি-সহ উপকূলীয় মহারাষ্ট্র এবং গুজরাটের বেশ কিছু উপকূল অঞ্চল।

# কারেন্ট অ্যাফেয়ার্স (২)

**২২ জুন** উদ্ধব ঠাকরের শিবসেনায় ফের ভাঙন ধরালেন একনাথ শিন্ডে। চারবছর আগে তিনি শিবসেনা ভেঙে বেরিয়ে বিজেপির সঙ্গে হাত মিলিয়েছিলেন। তার ফলে মহারাষ্ট্রে শিবসেনা, এনসিপি ও কংগ্রেস জোট সরকারের পতন হয়েছিল। এদিন ফের শিবসেনা (উদ্ধব) থেকে বেরিয়ে ছয় লোকসভা সাংসদ শিন্ডের শিবসেনায় যোগ দিলেন। ফলে লোকসভায় শিন্ডের শিবসেনা তথা এনডিএ-র সংখ্যা বাড়ল। রাজনৈতিক শিবিরের জল্পনা লোকসভায় নিজের শক্তি বাড়িয়ে এরপরে উদ্ধব ঠাকরের শিবসেনার বিধায়কদের মধ্যেও ভাঙন ধরাতে পারেন শিন্ডে।

**২৩ জুন** পাকিস্তান অধিকৃত কাশ্মীরে ক্রমশ বেড়ে চলা অশান্তি ও উত্তেজনার আবহে বিষয়টি নিয়ে সরব হলেন কেন্দ্রীয় বিদেশমন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল। তিনি বলেন, 'এই ক্ষোভ আসলে অবৈধ ও জোর করে দখল করা অঞ্চলগুলিতে পাকিস্তানের দীর্ঘ কয়েক দশক ধরে চলা সুপরিকল্পিত অর্থনৈতিক শোষণ, মৌলিক অধিকার কেড়ে নেওয়া এবং প্রশাসনিক নিপীড়নের প্রত্যক্ষ পরিণতি।' পাক অধিকৃত কাশ্মীরের পরিস্থিতি নিয়ে দিল্লির অবস্থান স্পষ্ট করে জয়সওয়াল আরও জানান, বেশ কিছু মানুষ প্রাণ হারিয়েছেন। আমরা আশা করি, আন্তর্জাতিক সম্প্রদায় পাক সরকারের এই কৃতকর্মের জন্য তাকে জবাবদিহির আওতায় আনবে।

ডাক বিভাগ এক নির্দেশিকা জারি করে জানাল, এবার থেকে ই-কেওয়াইসি অর্থাৎ আধারভিত্তিক বায়োমেট্রিক শনাক্তকরণের মাধ্যমেই মূলত গ্রামীণ এলাকায় ডাকঘর সেভিংস অ্যাকাউন্টের টাকা লেনদেন করা যাবে। এখন থেকে 'ড্রিম' অ্যাপের মাধ্যমে গ্রামীণ ডাকঘরের সিঙ্গল সেভিংস অ্যাকাউন্টের গ্রাহকেরা অনলাইন নথিভুক্তকরণের মাধ্যমে ৫০ হাজার টাকা পর্যন্ত জমা এবং ২০ হাজার টাকা পর্যন্ত তুলতে পারবেন। এর জন্য চেক কিংবা স্লিপ লাগবে না। তবে গ্রাহকের মোবাইল নম্বর অ্যাকাউন্টের সঙ্গে যুক্ত থাকতে হবে। ডাক বিভাগের দাবি, এর ফলে গ্রামীণ এলাকায় সহজেই টাকা তোলা ও জমা দিতে পারবেন গ্রাহকেরা।

**রান্নার গ্যাসে (এলপিজি) ভর্তুকি** পেতে ই-কেওয়াইসি বাধ্যতামূলক করল রাষ্ট্রায়ত্ত তেল সংস্থাগুলি। ৩০ জুনের মধ্যে গ্রাহকেরা ই-কেওয়াইসি সম্পূর্ণ না করলে গ্যাস সিলিন্ডারে আর ভর্তুকি পাবেন না বলে জানা গিয়েছে। যদিও কলকাতায় ৯৬৮ টাকার সিলিন্ডারে এখন ১৯.৫৭ টাকা ভর্তুকি পাওয়া যায়। উজ্জ্বলায় অতিরিক্ত ৩০০ টাকা দেওয়া হয়। তবে উজ্জ্বলা গ্রাহকদের ই-কেওয়াইসি প্রতিবছরই একবার জমা করতে হবে বলে নির্দেশ দেওয়া হয়েছে।

**২৪ জুন** নয়াদিল্লিতে দু'দিন ধরে বৈঠক হওয়ার পরেও ভারত-আমেরিকা বাণিজ্য চুক্তি নিয়ে কোনও সমাধানসূত্র বের হল না। কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রী পীযূষ গয়ালের সঙ্গে মার্কিন বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রিনের দু'দিনের বৈঠক শেষে দু'দেশই দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তির প্রতি দায়বদ্ধতার কথা বলেছে। চুক্তির বিষয়ে 'যথেষ্ট অগ্রগতি' হয়েছে বলে দাবি করা হলেও অন্তত প্রথম ধাপের অন্তর্বর্তী চুক্তি কবে হবে তার উত্তর মেলেনি।

**চতুর্দশ পাসপোর্ট দিবসে পাসপোর্ট** সম্পর্কে বিদেশমন্ত্রকের মন্তব্যে বিতর্ক তৈরি হল। বিদেশ মন্ত্রক জানায়, পাসপোর্ট নাগরিকত্বের প্রমাণ নয়। ভ্রমণের নথি মাত্র। বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকার বিস্তারিত না জানালেও নানা মহল থেকে প্রশ্ন তোলা হয়েছে। শিবসেনা নেতা আদিত্য ঠাকরে বলেছেন, 'বিদেশমন্ত্রক যদি মনে করে পাসপোর্ট নাগরিকত্বের নথি নয়, তাহলে তা দেওয়ার আগে পুলিশি পর্যবেক্ষণের কী দরকার? আমাদের দেশ কি ভারতীয় নয় এমন ব্যক্তিকেও পাসপোর্ট দিচ্ছে? তাহলে কি অ-ভারতীয়রাও ভারতীয় পাসপোর্ট পাবেন?' বিদেশ মন্ত্রকের এই মন্তব্য বড় বিতর্কের জন্ম দিয়েছে, কারণ অ-নাগরিকদের পাসপোর্ট দেওয়া হয় না।

**২৫ জুন** ভারতে এসে এখানকার একাধিক ক্ষেত্রে লগ্নি করার কথা ঘোষণা করলেন অ্যামাজনের সিইও অ্যান্ডি জেসি। নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠকে জেসি জানান, ২০৩০-এর মধ্যে এ দেশের কৃত্রিম বুদ্ধিমত্তা (এ আই), ক্লাউড কম্পিউটিং, তথ্যপ্রযুক্তি পরিকাঠামো, দ্রুত বাড়ি বাড়ি পণ্য পৌঁছনো বা কুইক কমার্স-সহ একাধিক ক্ষেত্রে ভারতীয় মুদ্রায় প্রায় ৪,৫৩,৩৬০ কোটি টাকা ঢালবেন তাঁরা। জেসির দাবি, শুধু ব্যবসা করে মুনাফা করা নয়, এখানকার মানুষের জীবন-যাত্রার মানোন্নয়নেও বদ্ধপরিকর তাঁরা।

**২৬ জুন** দক্ষিণ কোরিয়ার সঙ্গে কৌশলগত সম্পর্ককে আরও এগিয়ে নিয়ে যেতে উদ্যোগী হল ভারত। বিদেশমন্ত্রী এস জয়শঙ্করের দক্ষিণ কোরিয়া সফর শেষে বিদেশমন্ত্রক এ কথা জানাল। মন্ত্রকের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, জাহাজ নির্মাণ, প্রতিরক্ষা, আধুনিক প্রযুক্তিক্ষেত্র, বিনিয়োগ ও বাণিজ্য ক্ষেত্রে সম্পর্ক গভীর করা নিয়ে সেদেশের বিদেশমন্ত্রী চো হিউনের সঙ্গে আলোচনা হয়েছে জয়শঙ্করের।

## ইরান যুদ্ধ নিয়ে সেনেটে হার ট্রাম্পের



২৪ জুন: ইরানের যুদ্ধ নিয়ে সেনেটের ভোটাভুটিতে হেরে গেলেন মার্কিন-প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বড়-সড় ধাক্কা খেল তাঁর যুদ্ধনীতি। সেনেটে যুদ্ধ সংক্রান্ত প্রস্তাবের নির্বাচনের ফল দাঁড়িয়েছে ৫০-৪৮। এই প্রথমবার মার্কিন কংগ্রেসের উভয়কক্ষেই এমন একটি প্রস্তাব পাশ হয়েছে যা যুদ্ধক্ষেত্র থেকে আমেরিকার সেনাবাহিনী প্রত্যাহারের নির্দেশ দিয়েছে ট্রাম্পকে। ভোটে হেরে ক্ষুব্ধ ট্রাম্প দাবি করেছেন, 'ভুল সময়ে অবান্তর প্রস্তাব' নিয়ে ভোট হচ্ছে। এর জেরে ইরানকে দুর্বল করতে তিনি যা যা পদক্ষেপ করেছেন, তা কার্যকর করা কঠিন হয়ে যাবে। এক্স হ্যান্ডলে এক পোস্টে ইরানকে 'সন্ত্রাসের মদতদাতা' বলে উল্লেখ করে ট্রাম্প লিখেছেন, 'ওদের সঙ্গে আমি যা করেছি, আমেরিকা তা পছন্দ করছে না। আমাকে থামতে বলা হচ্ছে। আর এতে শত্রুদেরই সাহায্য করা হচ্ছে।'

## নতুন আই বি প্রধান মহেশ দীক্ষিত



২৫ জুন: কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা বা ইন্টেলিজেন্স ব্যুরোর ডিরেক্টর পদে মহেশ দীক্ষিতকে নিয়োগ করল কেন্দ্র। এই পদে চার বছর থাকা তপন কুমার ডেকার মেয়াদ আর বাড়াল না কেন্দ্র। তাঁর জায়গায় দায়িত্বে আসছেন বর্তমানে ইন্টেলিজেন্স ব্যুরো বা আই বি-র স্পেশাল ডিরেক্টর মহেশ দীক্ষিত। তিনি এর আগে দীর্ঘদিন শ্রীনগরে সাবসিডিয়ারি ইন্টেলিজেন্স ব্যুরোর প্রধান হিসেবে জম্মু, কাশ্মীর, লে-র দায়িত্বে ছিলেন। তেলঙ্গানা ক্যাডারের ১৯৯৩ ব্যাচের আইপিএস মহেশ সংবিধানের ৩৭০ অনুচ্ছেদ রদ করার আগে কাশ্মীরের পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে প্রয়োজনীয় ভূমিকা নিয়েছিলেন।

## পূর্ণ মন্ত্রীর সমান মর্যাদা দীনেশ ত্রিবেদীর



২৫ জুন: বাংলাদেশের হাইকমিশনার হিসেবে দীনেশ ত্রিবেদীকে ঢাকা পাঠানোর পর এবার তাঁকে পূর্ণমন্ত্রীর সমমর্যাদা দেওয়া হল। এদিন সরকারি বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বাংলাদেশে দায়িত্ব পালনকালে ভারতে অনুষ্ঠিত সরকারি ও রাষ্ট্রীয় অনুষ্ঠানে দীনেশ ত্রিবেদী কেন্দ্রীয় মন্ত্রিসভার একজন পূর্ণমন্ত্রীর সমপর্যায়ের প্রোটোকল পাবেন। কূটনৈতিক মহলের বক্তব্য, একদিকে দীনেশ ত্রিবেদীর রাজনৈতিক ও প্রশাসনিক গুরুত্বকে বিশেষভাবে তুলে ধরতে কেন্দ্র এই পদক্ষেপ করেছে। পাশাপাশি, এর মাধ্যমে বাংলাদেশের নতুন সরকারের প্রতিও একটা ইতিবাচক বার্তা দেওয়া হয়েছে।

## ভয়াবহ ভূমিকম্প ভেনেজুয়েলায়, মৃত অন্তত ২৫০০




২৫ জুন: পরপর দু'বার শক্তিশালী ভূমিকম্পের জেরে ভেনেজুয়েলায় আড়াই হাজারেরও বেশি মানুষের মৃত্যু হল। নিখোঁজ বহু। ১২ হাজারেরও বেশি মানুষ জখম হয়েছেন। এদিন রিখটার স্কেলে প্রথম কম্পনের মাত্রা ছিল ৭.২। পরের কম্পন ৭.৫। বিশেষজ্ঞরা জানিয়েছেন, ১৯০০ সালের পর এই প্রথম এত জোরালো ভূমিকম্প হল ভেনেজুয়েলায়। এদিন ভোরে রাজধানী কারাকাস থেকে ১৬০ কিলোমিটার দূরে প্রথম কম্পনটি অনুভূত হয়। কয়েক সেকেন্ডের মাথায় দ্বিতীয়বার কেঁপে ওঠে কারাকাস ও তার আশপাশের অঞ্চলগুলি। সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে লা গুয়াইরা অঞ্চল। সেখানকার বিমানবন্দরের ছাদের একাংশও ভেঙে পড়েছে। ভেনেজুয়েলার ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ডেলসি রড্রিগেজ দেশজুড়ে জরুরি অবস্থা ঘোষণা করেছেন।

## একবছর পর 'সিঁদুর'-এ নিহত বীরদের নাম প্রকাশ




২৬ জুন: এই প্রথম 'সিঁদুর' অভিযানে নিহত ছয় ভারতীয় সেনার নাম প্রকাশ করল কেন্দ্র। তার মধ্যে অবশ্য দুই সেনাকে ইতিমধ্যেই মরণোত্তর সম্মান প্রদান করেছে নরেন্দ্র মোদী সরকার। গতবছর মে মাসে 'সিঁদুর' অভিযানে প্রাণ হারান স্থলবাহিনীর পাঁচ সেনা— ইনফ্যান্ট্রি ব্রিগেডের সুবেদার মেজর পবন কুমার, রাইফেলম্যান সুনীল কুমার, ল্যান্স নায়েক দীনেশ কুমার, এভিয়েশন টেকনিশিয়ান মুদ মুরলীনায়ক, হাবিলদার সুনীলকুমার সিংহ এবং বায়ুসেনার সার্জেন্ট সুরেন্দ্র কুমার। এদিন 'ন্যাশনাল ওয়ার মেমোরিয়াল'-এর ওয়েবসাইটে 'রোল অব অনার' বিভাগে ছয় সেনার নাম প্রকাশ করা হয়েছে। এছাড়াও ওই স্মৃতিসৌধে দেশের সেবায় জীবন উৎসর্গকারী এই বীরদের স্মরণে 'থ্রি-ডি' দেওয়ালে তাঁদের নাম খোদাই করা হয়েছে।

## রাজ্য বাজেট পেশ বিধানসভায়



২২ জুন: ভোট-প্রতিশ্রুতির সঙ্গে সঙ্গতি রেখেই পূর্ণাঙ্গ বাজেট পেশ করল রাজ্য সরকার। রাজ্যবাসীর জন্য উদারহস্ত হওয়ার পাশাপাশি ঋণের বোঝা কমিয়ে আয় বাড়ানোর পথ খোঁজার চেষ্টাও হয়েছে বাজেটে। একদিকে কেন্দ্রীয় প্রকল্পগুলির পুরো সুবিধা নিয়ে, অন্যদিকে রাজস্ব লোকসান রুখে, নিজস্ব আয় বাড়ানোর মাধ্যমে ধারের বোঝা এবং রাজস্ব-রাজকোষ ঘাটতিতে রাশ টানার ইঙ্গিত দিয়েছেন অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত। সব মিলিয়ে এদিন ৪ লক্ষ ৩৮ হাজার ৭৭৫.২৯ কোটি টাকার বাজেট পেশ করেছে রাজ্য সরকার। অর্থ-কর্তাদের একাংশের মতে, কেন্দ্রীয় বাজেটের একটা ছাপ রাজ্যের এদিনের বাজেটেও স্পষ্ট। বাজেটে অনুদান প্রকল্পগুলির পরিধি যেমন বাড়ানো হয়েছে তেমনই স্পষ্ট করে দেওয়া হয়েছে, প্রকৃত এবং আর্থিকভাবে পিছিয়ে থাকা উপভোক্তারাই পাবেন সরকারি অনুদানের সুবিধা। বাজেটের আরও ঘোষণা— সরকারি স্তরে এক লক্ষ শূন্যপদ পূরণ হবে। তার মধ্যে ৩৩ শতাংশ মহিলাদের জন্য সংরক্ষিত থাকবে। অতীতের নিয়োগ দুর্নীতির পুনরাবৃত্তি ঠেকাতে ইউপিএসসি-র আদলে অভিন্ন একটি প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় আনা হবে নিয়োগ সংস্থাগুলিকে। সরকারি কর্মচারীদের জন্য ১ অক্টোবর থেকে একলপ্তে ২০% ডিএ বাড়ানোর ঘোষণাও করেছেন অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত।

## তারাতলায় নির্মীয়মান গুদাম ভেঙে মৃত ১৬



২৪ জুন: তারাতলায় নির্মীয়মাণ বহুতল গুদামের তিনতলার ছাদ ভেঙে পড়ে ১৬ জনের মৃত্যু হল। দুর্ঘটনার সময় সেখানে কাজ করছিলেন অন্তত ৪০ জন নির্মাণ শ্রমিক। ২০১৮ সালের মাঝেরহাট সেতু ভেঙে পড়া এবং ২০২৪ সালে গার্ডেনরিচের নির্মীয়মাণ বহুতল ভেঙে পড়ার সঙ্গে এদিনের ঘটনার মিল খুঁজেছেন অনেকেই। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী তদন্ত হবে বলে জানিয়ে বলেছেন, 'প্রাথমিকভাবে কলকাতা পুরসভা জানিয়েছে, এই নির্মীয়মাণ বহুতলের বিল্ডিং প্ল্যানে ত্রুটি ছিল।' ফলে প্রশ্ন উঠেছে ত্রুটি-যুক্ত বিল্ডিং প্ল্যান পুরসভা থেকে অনুমোদন পেল কী ভাবে?

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. কোন গভর্নর জেনারেলের সময় দেশে 'চিরস্থায়ী বন্দোবস্ত' চালু হয়?
(a) লর্ড ডালহৌসি (b) ওয়ারেন হেস্টিংস (c) লর্ড ওয়েলেসলি (d) লর্ড কর্নওয়ালিস
2. পর্যায় সারণির কোন পর্যায়ে সর্বাধিক মৌল থাকে?
(a) ষষ্ঠ (b) পঞ্চম (c) চতুর্থ (d) তৃতীয়
3. উত্তর আমেরিকার কোন দেশের উপর দিয়ে কর্কটক্রান্তি রেখা বিস্তৃত?
(a) মার্কিন যুক্তরাষ্ট্র (b) কানাডা (c) মেক্সিকো (d) পানামা
4. 'সাইলেন্ট ভ্যালি' কোথায় অবস্থিত?
(a) জম্মু ও কাশ্মীর (b) কেরালা (c) উত্তরাখণ্ড (d) তামিলনাড়ু
5. বিখ্যাত আদিনা মসজিদ কোন জেলায় অবস্থিত?
(a) বর্ধমান (b) মালদহ (c) হাওড়া (d) হুগলি
6. কোনটির স্থিতিস্থাপকতা সবচেয়ে বেশি?
(a) স্পঞ্জ (b) রবার (c) ইস্পাত (d) কাচ
7. 'নিউ ইন্ডিয়া' পত্রিকাটি কে প্রতিষ্ঠা করেন?
(a) গোপাল হরি দেশমুখ (b) বিপিন চন্দ্র পাল (c) অ্যানি বেশান্ত (d) ব্রহ্মবান্ধব উপাধ্যায়
8. 'কাকোরি ষড়যন্ত্র মামলা' কত সালে সংঘটিত হয়েছিল?
(a) 1920 (b) 1925 (c) 1930 (d) 1935
9. জয়প্রকাশ নারায়ণ কোন নামে অধিক জনপ্রিয়?
(a) লোকনেতা (b) লোকনায়ক (c) লোকহিতবাদী (d) লোকমান্য
10. 1945 সালে জাপানের নাগাসাকিতে যে বোমাটি ফেলা হয়েছিল তাতে কী ব্যবহার হয়েছিল?
(a) সোডিয়াম (b) পটাশিয়াম (c) প্লুটোনিয়াম (d) ইউরেনিয়াম
11. সবুজ বিপ্লবে কোন ফসলের উৎপাদন সর্বাধিক হয়েছিল?
(a) মিলেটস (b) ভুট্টা (c) ধান (d) গম
12. 'আর্য সমাজ' প্রতিষ্ঠা করেছিলেন:
(a) দয়ানন্দ সরস্বতী (b) লালা লাজপত রায় (c). অরবিন্দ ঘোষ (d) বালগঙ্গাধর তিলক
13. স্বামী দয়ানন্দ সরস্বতী কোথায় আর্যসমাজ প্রতিষ্ঠা করেন?
(a) বারাণসী (b) দিল্লি (c) বোম্বাই (d) আগ্রা
14. 'অমৃতসরের সন্ধি' কত সালে হয়?
(a) 1811 (b) 1809 (c) 1807 (d) 1805
15. রেঙ্গুন কোন নদীর তীরে অবস্থিত?
(a) যমুনা (b) শতদ্রু (c) ইরাবতী (d) গঙ্গা
16. অশোকের ধর্মের মুখ্য বিষয় ছিল:
(a) রাজার প্রতি আনুগত্য (b) শান্তি ও অহিংসা (c) বড়দের প্রতি সম্মান (d) ধর্মীয় সহিষ্ণুতা
17. 1932 সালে কততম গোলটেবিল বৈঠকটি হয়?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ
18. আল্পস পর্বতে যে স্থানীয় বায়ু সৃষ্টি হয় তার নাম কী?
(a) সিরক্কো (b) ফন (c) চিনুক (d) বোরা
19. ভারতের কোন দু'টি রাজ্যে লৌহ আকরিক ভাণ্ডার অবস্থিত?
(a) মধ্যপ্রদেশ ও ওড়িশা (b) মধ্যপ্রদেশ ও পশ্চিমবঙ্গ (c) বিহার ও পশ্চিমবঙ্গ (d) বিহার ও ওড়িশা
20. কোন বিজ্ঞানী প্রথম বলেন যে পৃথিবী সূর্যের চারদিকে ঘুরছে?
(a) আইনস্টাইন (b) কোপারনিকাস (c) ডালটন (d) নিউটন
21. শিবাজির রাজধানী ছিল:
(a) সিন্ধুদুর্গ (b) কোলাপুর (c) পুনা (d) রায়গড়
22. গান্ধীজি তাঁর প্রথম সত্যাগ্রহটি কোথায় করেন?
(a) ছাপরা (b) চম্পারণ (c) পটনা (d) উদয়পুর
23. সাধারণত পূর্ণবয়স্ক মানুষের শরীরে কতটা রক্ত থাকে?
(a) 3-4 লিটার (b) 8-10 লিটার (c) 5-6 লিটার (d) 10-12 লিটার
24. Bengal Tenancy Act কোন বছর পাশ হয়?
(a) 1885 (b) 1884 (c) 1883 (d) 1882
25. 'New Lamps for the old' প্রবন্ধগুচ্ছের রচয়িতা:
(a) বালগঙ্গাধর তিলক (b) জি কে গোখলে (c) মহাত্মা গান্ধী (d) অরবিন্দ ঘোষ
26. 'সতীশ ধাওয়ান স্পেস সেন্টার'-টি কোথায় অবস্থিত?
(a) শ্রীহরিকোটা (b) ব্যাঙ্গালোর (c) তিরুবনন্তপুরম (d) চেন্নাই
27. অ্যানোড হল একটি:
(a) ঋণাত্মক তড়িৎদ্বার (b) ধনাত্মক তড়িৎদ্বার (c) নিস্তড়িৎ তড়িৎদ্বার (d) কোনওটিই নয়
28. ভারতের প্রথম পারমাণবিক চুল্লির নাম হল:
(a) রম্ভা (b) মেনকা (c) অপ্সরা (d) উর্বশী
29. কোরবা তাপবিদ্যুৎকেন্দ্র কোন রাজ্যে অবস্থিত?
(a) মধ্যপ্রদেশ (b) ওড়িশা (c) পশ্চিমবঙ্গ (d) ছত্তিসগড়
30. উত্তর আমেরিকার পঞ্চহ্রদের মধ্যে বৃহত্তম কোনটি?
(a) অন্টারিও (b) মিচিগান (c) সুপিরিয়র (d) হুরন
31. বিখ্যাত উর্দুপত্রিকা 'আল হিলাল' কে প্রতিষ্ঠা করেন?
(a) আবুল কালাম আজাদ (b) দাদাভাই নৌরজি (c) নাজিম হিকমৎ (d) জেমস অগাস্টাস হিকি
32. জম্মু ও কাশ্মীরের সরকারি ভাষা হল:
(a) হিন্দি (b) ডোগরি (c) উর্দু (d) কাশ্মীরি
33. কপারের আকরিক কোনটি?
(a) হেমাটাইট (b) বক্সাইট (c) গ্যালেনা (d) চালকোপাইরাইটিস
34. 'পুনাচুক্তি' কবে সম্পাদিত হয়েছিল?
(a) 1932 সালে (b) 1931 সালে (c) 1930 সালে (d) 1929 সালে
35. ভারতের ইতিহাসে 'পাগলা রাজা' নামে কে পরিচিত ছিলেন?
(a) ইলতুৎমিস (b) গিয়াসুদ্দিন বলবন (c) মহম্মদ বিন তুঘলক (d) ফিরোজ শাহ তুঘলক
36. 'রজত বিপ্লব' কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত?
(a) ফল উৎপাদন (b) সার উৎপাদন (c) দুগ্ধ উৎপাদন (d) ডিম উৎপাদন
37. ভারতের কোথায় কাজুবাদাম গবেষণাকেন্দ্র রয়েছে?
(a) কটক (b) দীঘা (c) হরিদ্বার (d) দেরাদুন
38. 'অনুশীলন সমিতি' কবে প্রতিষ্ঠিত হয়?
(a) 1902 (b) 1901 (c) 1900 (d) 1899
39. দাদরা ও নগর হাভেলির রাজধানী কোনটি?
(a) দাদরা (b) সিলভাসা (c) কাভারাত্তি (d) কোনওটিই নয়
40. 'মানুচি' কার আমলে ভারতে এসেছিলেন?
(a) দেবপাল (b) বাবর (c) ঔরঙ্গজেব (d) জাহাঙ্গির
41. পৃথিবীতে সবচেয়ে বেশি ডাকঘর আছে কোন দেশে?
(a) ভারত (b) নেদারল্যান্ডস (c) আমেরিকা (d) রাশিয়া
42. ভারতের প্রাচীন পর্বত হল:
(a) হিমালয় (b) শিবালিক (c) আরাবল্লী (d) সান্দাকফু
43. একটি খারিফ শস্যের উদাহরণ দিন:
(a) ধান (b) রবার (c) চা (d) তুলো
44. লিভার এবং মাংসপেশিতে শক্তি কোনরূপে সঞ্চিত হয়?
(a) প্রোটিন রূপে (b) স্নেহপদার্থ রূপে (c) কার্বোহাইড্রেট রূপে (d) গ্লাইকোজেন রূপে
45. বঙ্গভঙ্গের পর শুরু হয়েছিল ——— আন্দোলন?
(a) অসহযোগ (b) ভারত ছাড়ো (c) স্বদেশী (d) লবণ সত্যাগ্রহ
46. নীচের মৌলগুলির মধ্যে কোনটি সমস্ত জৈব পদার্থে পাওয়া যায়?
(a) নাইট্রোজেন (b) কার্বন (c) অক্সিজেন (d) এরকম কোনও মৌল নেই
47. অরবিন্দ ঘোষ কোন পত্রিকার সম্পাদক ছিলেন?
(a) বন্দেমাতরম (b) হরিজন (c) যুগান্তর (d) অমৃতবাজার
48. ভারতীয় সংবিধানের কততম সংশোধনীতে ভোটদানের বয়স 21 বছর থেকে কমিয়ে 18 বছর করা হয়?
(a) 61তম (b) 60তম (c) 62তম (d) 63তম
49. পম্পাস অঞ্চলের প্রধান অর্থকরী ফসল কোনটি?
(a) ধান (b) গম (c) রবার (d) যব
50. ভারতের প্রথম পাটকল কোথায় স্থাপিত হয়?
(a) চন্দননগর (b) জগদ্দল (c) কাঁকিনাড়া (d) রিষড়া
51. দ্বিতীয় বৌদ্ধ সম্মেলন কোথায় হয়েছিল?
(a) অবন্তি (b) পাটলিপুত্র (c) বৈশালী (d) সারনাথ
52. মানস-সরোবর কোথায় অবস্থিত?
(a) ভুটানে (b) মালদ্বীপে (c) চিনে (d) ভারতে
53. নীচের কোন ভারতীয় রাজ্যে 'সেলিম আলি পাখি অভয়ারণ্য' রয়েছে?
(a) গোয়া (b) আসাম (c) তামিলনাড়ু (d) ছত্তিসগড়
54. ইনসুলিন হরমোন রাসায়নিকভাবে ———।
(a) ফ্যাট (b) কার্বোহাইড্রেট (c) স্টেরয়েড (d) প্রোটিন
55. ভারতে কত তারিখে 'জাতীয় ক্রীড়া দিবস' পালিত হয়?
(a) 29 অগস্ট (b) 30 অগস্ট (c) 1 সেপ্টেম্বর (d) 2 অক্টোবর
56. নীচের কোন স্থানটি কোন রাজ্যের রাজধানী নয়?
(a) গ্যাংটক (b) আগরতলা (c) ইটানগর (d) গুয়াহাটি
57. জেমু হিমবাহ কোন রাজ্যে অবস্থিত?
(a) জম্মু-কাশ্মীর (b) হিমাচল প্রদেশ (c) সিকিম (d) উত্তরাখণ্ড
58. শেষ জৈন তীর্থঙ্কর কে ছিলেন?
(a) মহাবীর (b) ঋষভনাথ (c) পার্শ্বনাথ (d) কেউই নয়
59. পরিণত মানুষের দেহে ক'টি হাড় থাকে?
(a) 192 (b) 198 (c) 206 (d) 210
60. 'কোষের শক্তিঘর' বলা হয় কাকে?
(a) নিউক্লিয়াসকে (b) পাতাকে (c) মাইটোকনড্রিয়াকে (d) ক্রোমোজোমকে
61. ভারতের জাতীয় সংগীত কত সালে প্রথম গাওয়া হয়?
(a) 1923 (b) 1924 (c) 1925 (d) 1926
62. 'বিশ্ব পুতুল দিবস' হিসাবে কোন দিনটি পালিত হয়?
(a) 19 মার্চ (b) 21 মার্চ (c) 23 মার্চ (d) 25 মার্চ
63. ভারতের পঞ্চবার্ষিকী পরিকল্পনা কত সালে শুরু হয়?
(a) 1951 (b) 1952 (c) 1953 (d) 1954
64. নির্ধারিত সময়সীমার আগে কে রাজ্যসভা ভেঙে দিতে পারেন?
(a) স্পিকার (b) রাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) এঁদের কেউই নন
65. লুধিয়ানা শহরটি কোন নদীর তীরে অবস্থিত?
(a) বিতস্তা (b) সিন্ধু (c) ঝিলাম (d) শতদ্রু
66. 'মেহগিনি' কোন শ্রেণির বৃক্ষ?

এরপর নয়ের পাতায়

# ভারতীয় রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-২ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

37. A current of 2A flows through a 24V car head light bulb for 5 mins. How much energy transfer occurs during this time?
(a) 14400 joule (b) 10800 joule (c) 4200 joule (d) 43200 joule
38. Electric bulbs are usually filled with chemically inactive—— gases.
(a) Nitrogen and oxygen (b) Nitrogen and argon (c) Nitrogen and carbon monoxide (d) Nitrogen and carbon-dioxide
39. Who was the first to demonstrate experimentally that a current carrying conductor behaves like a magnet?
(a) Andre-Marie Ampere (b) Hans Christian Oersted (c) Henry Cavendish (d) Simon Ohm
40. An electrical bulb is connected to 200V generator. The current is 0.5A. The power of the bulb is ?
(a) 100W (b) 10W (c) 50W (d) 10000W

**Important Expected Questions from IT LITERACY**

41. Which of the following components of CPU is responsible to direct the system to execute instructions?
(a) Arithmetic and Logic Unit (ALU) (b) Control Unit (CU) (c) Registers(d) Random Access Memory (RAM)
42. Which of the following is not a valid unit to represent the speed of CPU?
(a) Hertz (Hz) (b) MIPS (c) MFLOPS (d) Byte
43. The name of the unit of measuring the editing capacity of a computer is:
(a) MIPS (b) Seconds (c) Watt (d) M.I.S
44. Which of the following controls memory input and output devices?
(a) C.P.U (b) A.L.U (c) C.U (d) Memory
45. Accumulator is an integral component of:
(a) C.P.U (b) Hard Disk (c) RAM (d) Cache Memory
46. Which of the following is not hardware?
(a) Keyboard (b) Mouse (c) Windows-XP (d) ROM
47. The written program due to which the computer works in the desired way is called:
(a) Codes (b) Instruction (c) Software (d) None of these
48. What is meant by software in the context of computers?
(a) Floppy disk (b) Computer programs (c) Computer circuit (d) Human brain
49. An example of computer software is:
(a) C.P.U (b) Compact disc (c) Monitor (d) Microsoft Office
50. The data or information used to run the computer is called ______?
(a) Software (b) Hardware (c) Peripheral (d) CPU

**Important Expected Questions from ENVIRONMENTAL EDUCATION**

51. Substances that are broken down by biological processes are said to be:
(a) Bio degradable (b) Non-recyclable (c) Recyclable (d) Non-biodegradable
52. Fossil fuels are _____ sources of energy.
(a) Air (b) Solar (c) Renewable (d) Non-Renewable
53. Eskimos build their houses 'igloo' out of snow what is the reason for this?
(a) Ice does not allows cold air and water to enter (b) The air present between the walls of ice prevents the heat inside from escaping (c) Ice is available free of cost, other ingredients will cost more (d) Ice is available only in the polar regions
54. _____is the physiological adjustment by an organism to environmental change.
(a) Bioaccumulation (b) Physiological adjustment (c) Bioremediation (d) Cogeneration
55. Which of the following represents an inverted ecological pyramid in a natural ecosystem?
(a) Pyramid of Energy in a forest (b) Pyramid of Biomass in a grassland (c) Pyramid of Numbers in a tree ecosystem (d) Pyramid of Biomass in an ocean ecosystem
56. Which protocol or amendment is responsible for the phase-down of Hydrofluorocarbons (HFCs), potent greenhouse gases used in refrigeration and air conditioning?
(a) Kyoto Protocol (b) Montreal Protocol (Kigali Amendment) (c) Paris Agreement (d) Vienna Convention
57. Which of the following industrial waste categories is most likely to contain unmanageable hazardous chemical waste?
(a) Biodegradable municipal waste (b) Highly acidic/alkaline effluents (c) Agricultural runoff (d) Construction debris
58. Which emission standard is mandated in India to control vehicular air pollution, the equivalent to Euro-6 standards?

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# পি এস সি মিসলেনিয়াস

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

(a) পর্ণমোচী (b) চিরহরিৎ (c) গুল্ম (d) ম্যানগ্রোভ

67. লাফিং গ্যাস কী?
(a) কার্বন ডাই-অক্সাইড (b) ফেরিক অক্সাইড (c) নাইট্রাস অক্সাইড (d) নাইট্রিক অ্যাসিড

68. 'কোষ বিষয়ক চর্চাকে' কী বলা হয়?
(a) ইকনমিক্স (b) সাইটোলজি (c) সাইটোফিজিক্স (d) সাইটোকেমিস্ট্রি

69. আলো পরিমাপের একক কোনটি?
(a) পাস্কাল (b) ওহম (c) লাক্স (d) লুমেন

70. আমেরিকার জাতীয় খেলা কোনটি?
(a) বাস্কেটবল (b) গলফ (c) রাগবি (d) বেসবল

71. হিমালয়ের পার্বত্য অঞ্চলে অবস্থিত ভারতের একটি রাজ্যের নাম কী?
(a) আসাম (b) উত্তরাখণ্ড (c) মধ্যপ্রদেশ (d) ওড়িশা

72. 'স্বরাজ আমার জন্মগত অধিকার' উক্তিটি কার?
(a) মহাত্মা গান্ধী (b) বাল গঙ্গাধর তিলক (c) জওহরলাল নেহরু (d) সুভাষচন্দ্র বসু

73. 'তিনবিঘা করিডর' যোগ করেছে:
(a) ভারত-পাকিস্তানকে (b) ভারত-বাংলাদেশকে (c) ভারত-মালদ্বীপকে (d) ভারত-ভুটানকে

74. নীচের কোন প্রাণী সবচেয়ে বড় সন্তান প্রসব করে?
(a) উট (b) সিংহ (c) হাতি (d) নীলতিমি

75. সুন্দরবন হল:
(a) চিরহরিৎ অরণ্য (b) পর্ণমোচী অরণ্য (c) ম্যানগ্রোভ অরণ্য (d) ঝোপঝাড় অরণ্য

76. 10টি লেবুর ক্রয়মূল্য 13টি লেবুর বিক্রয়মূল্যের সমান। তাহলে লভ্যাংশ নির্ণয় করুন:
(a) 3% (b) 13% (c) 23% (d) 30%

77. যদি 7 ঘণ্টা করে দৈনিক কাজ করে 4 জন লোক একটি কাজ 8 দিনে শেষ করতে পারে, তাহলে দৈনিক 8 ঘণ্টা কাজ করে 4 দিনের মধ্যে ওই কাজটি শেষ করতে কত জন লোকের প্রয়োজন হবে?
(a) 8 জন (b) 9 জন (c) 7 জন (d) 4 জন

78. দু'টি সংখ্যার গুণফল 1575 ও তাদের ভাগফল $\frac{9}{7}$, তাহলে সংখ্যাগুলির যোগফল কত?
(a) 74 (b) 78 (c) 80 (d) 90

79. $\frac{2}{3}, \frac{4}{5}$ ও $\frac{6}{7}$-এর গ.সা.গু কত হবে?
(a) $\frac{48}{105}$ (b) $\frac{2}{105}$ (c) $\frac{1}{105}$ (d) $\frac{24}{105}$

80. A ও B একসঙ্গে একটি কাজ 12 দিনে করতে পারে। তারা 5 দিন একসঙ্গে কাজ করেছিল ও B চলে যাওয়ায় বাকি কাজটি A, 14 দিনে একাই করেছেন, তাহলে A কাজটি কত দিনে শেষ করতে পারবেন?
(a) 24 দিন (b) 20 দিন (c) 18 দিন (d) 16 দিন

81. একটি সংখ্যা ক্রমান্বয়ে দু'বার 10 বৃদ্ধি পায়। সংখ্যাটি মোট বাড়ে:
(a) 22% (b) 21% (c) 20% (d) 19%

82. দু'টি ধনাত্মক সংখ্যার অনুপাত 3 : 5 এবং তাদের গুণফল 2160। বড় সংখ্যাটি নির্ণয় করুন:
(a) 55 (b) 60 (c) 65 (d) 70

83. দু'টি সংখ্যার অনুপাত 5 : 8। যদি ওই দু'টি সংখ্যার সঙ্গে 9 যোগ করা হয় তবে তাদের অনুপাত যথাক্রমে 8 : 11 হয়। সংখ্যা দু'টির যোগফল নির্ণয় করুন:
(a) 37 (b) 38 (c) 39 (d) 40

84. যদি $1 - \sin^2\theta = \frac{1}{2}$ তাহলে $\theta$ = ?
(a) 45° (b) 60° (c) 90° (d) 30°

85. রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 14 মিটার ও 20 মিটার। তাহলে রম্বসের আয়তন নির্ণয় করুন:
(a) 200 বর্গমিটার (b) 140 বর্গমিটার (c) 100 বর্গমিটার (d) 50 বর্গমিটার

86. সমাধান করুন: $\frac{x^{b+a}x^{b+c} \times x^{c+a}}{(x^a \times x^b \times x^c)^2}$
(a) 0 (b) 1 (c) –1 (d) 2

87. P-এর 30% = Q-এর 40% হলে Q-এর মান হবে:
(a) P এর 75% (b) P এর 80% (c) P এর 65% (d) P এর 55%

88. একটি ভগ্নাংশকে সেই সংখ্যা দিয়ে গুণ করার পর সংখ্যাটির অন্যোন্যক দিয়ে ভাগ করা হল, ভাগফল $\frac{512}{27}$ হলে আদি ভগ্নাংশটি হবে:
(a) $\frac{7}{3}$ (b) $\frac{3}{7}$ (c) $\frac{8}{3}$ (d) $\frac{3}{4}$

89. রাম একই দামে দু'টি ঘোড়া বিক্রয় করল। একটিতে তার 10% লাভ অন্যটিতে 10% ক্ষতি হলে, নীচের কোন বক্তব্যটি সঠিক?
(a) না লাভ না ক্ষতি (b) 2% ক্ষতি (c) 1% লাভ (d) 1% ক্ষতি

90. একটি ট্রেন একটি ইলেক্ট্রিক পোস্ট এবং 264 মিটার দীর্ঘ একটি সেতুকে যথাক্রমে 8 সেকেন্ডে ও 20 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য কত?
(a) 176 মিটার (b) 175 মিটার (c) 174 মিটার (d) 173 মিটার

91. $2\frac{3}{5}$ ও $1\frac{2}{3}$-এর পার্থক্যের $3\frac{3}{4}$-র সঙ্গে 4 গুণ করলে কত হবে?
(a) 12 (b) 14 (c) 16 (d) 18

92. $\sqrt{110\frac{1}{4}}$ = ?
(a) 10 (b) 10.3 (c) 10.5 (d) 11

93. 1440 মিটার দূরত্বের মধ্যে 13টি খুঁটি পোতা হল, প্রতিটি খুঁটির মধ্যকার দূরত্ব কত?
(a) 115 মিটার (b) 120 মিটার (c) 122 মিটার (d) 124 মিটার

94. $(0.9 \times 0.9 \times 0.9 + 0.1 \times 0.1 \times 0.1)$ = ?
(a) 1 (b) 0.73 (c) 2 (d) 0.74

95. সুমিতের অঙ্ক, বিজ্ঞান ও ইংরেজিতে প্রাপ্ত নম্বরের অনুপাত $\frac{1}{2} : \frac{3}{5} : \frac{2}{3}$ যদি সে ওই তিনটি বিষয়ে মোট 530 নম্বর পেয়ে থাকে তবে সে অঙ্কে কত নম্বর পেয়েছিল?
(a) 120 (b) 130 (c) 140 (d) 150

96. 32 সংখ্যাটি 80-র কত শতাংশ?
(a) 20% (b) 25% (c) 30% (d) 40%

97. দু'টি সংখ্যার গুণফল 45 ও তাদের অন্তর 4। ওই দু'টি সংখ্যার বর্গের যোগফল হবে:
(a) 102 (b) 104 (c) 106 (d) 108

98. একটি ছাত্রদল 4802 টাকা খরচ করে। ওই ছাত্রদলে যত ছাত্র আছে, প্রত্যেকে ততগুলি 50 পয়সা খরচ করে। প্রত্যেক ছাত্র যত টাকা খরচ করে তার পরিমাণ:
(a) 49 (b) 98 (c) 196 (d) 147

99. রামের টাকার পরিমাণ শ্যামের টাকার তিনগুণ। যদি রামের টাকা শ্যামের চেয়ে 3 টাকা 60 পয়সা বেশি হয়, তাহলে রামের টাকার পরিমাণ কত?
(a) 4.5 টাকা (b) 4.8 টাকা (c) 5.4 টাকা (d) 6 টাকা

100. 3, 0, 4 দ্বারা গঠিত তিন অঙ্কের সংখ্যাগুলির যোগফল নির্ণয় করুন:
(a) 1450 (b) 1460 (c) 1475 (d) 1477

### উত্তর

1(d), 2(a), 3(c), 4(b), 5(d), 6(c), 7(c), 8(b), 9(b), 10(c), 11(d), 12(a), 13(c), 14(b), 15(c), 16(b) 17(c), 18(b), 19(a), 20(b), 21(d), 22(b), 23(c), 24(a), 25(d), 26(a), 27(b), 28(c), 29(d), 30(c), 31(a), 32(c), 33(d), 34(a), 35(c), 36(d), 37(b), 38(a), 39(b), 40(c), 41(a), 42(c), 43(a), 44(d), 45(c), 46(b), 47(a), 48(a), 49(b), 50(d), 51(c), 52(c), 53(a), 54(d), 55(a), 56(d), 57(c), 58(a), 59(c), 60(c), 61(b), 62(b), 63(a), 64(d), 65(d), 66(b), 67(c), 68(b), 69(c), 70(d), 71(b), 72(b), 73(b), 74(d), 75(c), 76(d), 77(c), 78(c), 79(b), 80(a), 81(b), 82(b), 83(c), 84(a) 85(b), 86(b), 87(a), 88(c), 89(d), 90(a), 91(b), 92(c), 93(b), 94(b), 95(d), 96(d), 97(c), 98(a), 99(c), 100(d).

### সমাধান

76(d): ধরা যাক, একটি লেবুর ক্রয়মূল্য = 1 টাকা
10টি লেবুর বিক্রয়মূল্য = 13 টাকা
লভ্যাংশ $\frac{13-10}{10} \times 100 = \frac{3}{10} \times 100 = 30\%$.

77(c): আমরা জানি, $M_1T_1D_1 = M_2D_2T_2$
বা, $7 \times 4 \times 8 = M_2 \times 8 \times 4$ বা, $M_2 = 7$ জন।

78(c): ab = 1575 ও $\frac{a}{b} = \frac{9}{7}$ বা, $ab \times \frac{a}{b}$ $1575 \times \frac{9}{7}$
বা, $a^2 = 2025$ বা, a = 45, b = 35
তাহলে, A + B = 45 + 35 = 80.

79(b): গ.সা.গু = $\frac{\text{2, 4, 6-এর গ.সা.গু}}{\text{3, 5, 7-এর ল.সা.গু}} = \frac{2}{105}$.

80(a): A ও B একসঙ্গে 5 দিনে করবে = $\frac{5}{12}$ অংশ
তাহলে বাকি কাজ = $1 - \frac{5}{12} = \frac{7}{12}$ অংশ
A $\frac{7}{12}$ অংশ কাজ করে 14 দিনে
তাহলে, A পুরো কাজটি করবে = $\frac{14 \times 12}{7}$ = 24 দিনে।

81(b): $100 \times \frac{110}{100} \times \frac{110}{100} = 121$
∴ সংখ্যাটি বাড়ে = (121 – 100)% = 21%.

82(b): $3x \times 5x = 2160$ বা, $15x^2 = 2160$
বা, $x^2 = 144$ বা, x = 12
∴ বড় সংখ্যাটি = 5 × 12 = 60.

83(c): ধরা যাক, দু'টি সংখ্যা যথাক্রমে 5x ও 8x
তাহলে, $\frac{5x+9}{8x+9} = \frac{8}{11} \Rightarrow 55x + 99 = 64x + 72$
$\Rightarrow 9x = 27 \Rightarrow x = 3$
সংখ্যা দু'টির যোগফল = 5 × 3 + 8 × 3 = 15 + 24 = 39.

84(a): $1 - \sin^2\theta = \frac{1}{2} \Rightarrow \sin^2\theta = 1 - \frac{1}{2} = \frac{1}{2}$
$\Rightarrow \sin\theta = \frac{1}{\sqrt{12}} = \sin 45° \therefore \theta = 45°$.

85(b): রম্বসের আয়তন = $\frac{1}{2} \times d_1 \times d_2 = \frac{1}{2} \times 14 \times 20 = 140$ বর্গমিটার

86(b): $\frac{x^{b+a}.x^{b+c}.x^{c+a}}{(x^{a+b+c})^2} = \frac{x^{2a+2b+2c}}{x^{2a+2b+2c}} = 1$.

87(a): 30% of P = 40% of Q
বা, $\frac{Q}{P} = \frac{30}{40}$ বা, $Q = \frac{3P}{4}$ = 75% of P.

88(c): $\left(\frac{x}{y} \times \frac{x}{y}\right) \div \frac{y}{x} = \frac{512}{27}$
বা, $\frac{x^2}{y^2} \times \frac{x}{y} = \frac{512}{27}$ বা, $\frac{x^3}{y^3} = \frac{512}{27}$ বা, $\frac{x}{y} = \frac{8}{3}$.

89(d): $\frac{10^2}{100} = \frac{100}{100}$ = 1% ক্ষতি।

90(a): ট্রেনটি 20 – 8 = 12 সেকেন্ডে যায় 264 মিটার
∴ 8 সেকেন্ডে যায় = $\frac{264 \times 8}{12}$ মিটার = 176 মিটার।

91(b): $\left(2\frac{3}{5} - 1\frac{2}{3}\right)$ এর $3\frac{3}{4} \times 4 = \left(\frac{13}{5} - \frac{5}{3}\right)$ এর $\frac{15}{4} \times 4$
$= \left(\frac{39-25}{15}\right) \times 15 = \frac{14}{15} \times 15 = 14$.

92(c): $\sqrt{110\frac{1}{4}} = \sqrt{\frac{441}{4}} = \sqrt{\frac{21 \times 21}{2 \times 2}} = \frac{21}{2} = 10\frac{1}{2} = 10.5$.

93(b): 13টি খুঁটির মধ্যে সমান দূরত্বের ফাঁক থাকবে = (13 – 1) = 12 বার
তাহলে প্রতিটি খুঁটির মধ্যে দূরত্ব হল = (1440 ÷ 12) = 120 মিটার।

94(b): $(0.9)^3 + (0.1)^3 = 0.729 + 0.001 = 0.73$.

95(d): $\frac{1}{2} : \frac{3}{5} : \frac{2}{3} = 15 : 18 : 20$
মোট প্রাপ্ত নম্বর 530 হলে অঙ্কে পেয়েছিল = $\frac{15}{(15+18+20)} \times 530$
$= \frac{15}{53} \times 530 = 150$.

96(d): $\frac{32}{80} \times 100 = 40\%$.

97(c): ধরা যাক, সংখ্যাগুলি x ও y
xy = 45 এবং x – y = 4
∴ $x^2 + y^2 = (x-y)^2 + 2xy = (4)^2 + 2 \times 45 = 16 + 90 = 106$.

98(a): $\frac{480200}{50} = 9604$, ছাত্রসংখ্যা = $\sqrt{9604}$ জন = 98 জন
∴ প্রত্যেকে দিয়েছিল = 0.50 × 98 = 49 টাকা।

99(c): 3x – x = 3.6 বা, 2x = 3.6 বা, x = 1.8
∴ রামের আছে = 3 × 1.8 = 5.4 টাকা।

100(d): তিন অঙ্কের সংখ্যা গঠিত হতে পারে সংখ্যা চারটির সমষ্টি = 304 + 340 + 403 + 430 = 1477.

প্রস্তুত করেছেন: সাগর রায়

# ভারতীয় রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

## নিয়োগের সি বি টি-২ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

(a) Bharat Stage IV (BS-IV) (b) Bharat Stage V (BS-V) (c) Bharat Stage VI (BS-VI) (d) Bharat Stage III (BS-III)

59. Which of the following is the most direct consequence of the continuous over-extraction of groundwater?
(a) Eutrophication (b) Land subsidence (c) Biomagnification (d) Ozone depletion.

60. Which of the following is considered a primary pollutant that contributes directly to acid rain?
(a) Carbon dioxide (b) Ozone (c) Sulfur dioxide ($SO_2$) (d) Chlorofluorocarbons

**Important Expected Questions from MATH**

61. The sum of the ages of a grandfather, his son, and his grandson is 128 years. The grandfather is twice as old as his son, and the son is five times as old as the grandson. Determine the age (in years) of the grandson.
(a) 8 (b) 6 (c) 9 (d) 7

62. Neha swims in a pool that is 50 metres long. She covers 100 metres in 1 minute by swimming from one end of the pool to the other and back along the same straight path. Find her average velocity (in m/s).
(a) 0 m/s (b) 3.2 m/s (c) 2.5 m/s (d) 1.7 m/s

63. A car starts from New Delhi and travels to Agra. The distance between the two cities is 300 km. The car travels back to New Delhi. What is the total distance travelled and the displacement of the car? (Assume the car reaches the same point and the route followed is exactly same for both travels.)
(a) Distance travelled is 0 km and displacement is 600 km (b) Distance travelled is 300 km and displacement is 0 km (c) Distance travelled is 0 km and displacement is 0 km (d) Distance travelled is 600 km and displacement is 0 km

### Answers

37(a), 38(b), 39(b), 40(a), 41(b), 42(d), 43(a), 44(a), 45(a), 46(c), 47(c), 47(c), 48(b), 49(d), 50(a), 51(a), 52(d), 53(b), 54(c), 55(d), 56(b), 57(b), 58(c), 59(b), 60(c), 61(a), 62(a), 63(d).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: গোবিন্দ সাহা*

## বরাউনি ও গুয়াহাটি রিফাইনারিতে ৫৩১

*প্রথম পাতার পর*

১০৮, তফসিলি জাতি ৩৮, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৬৪, আর্থিক ভাবে অনগ্রসর ২৪)। গুয়াহাটি রিফাইনারি: ১৭টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: ৩ বছর মেয়াদের বি এসসি পাশ। ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। ট্রেনিংয়ের মেয়াদ: ১২ মাস।

**পোস্ট কোড ১০২: ফিটার/মেকানিক্যাল: বরাউনি রিফাইনারি:** ২৪টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ৩টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **গুয়াহাটি রিফাইনারি:** ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সঙ্গে ফিটার ট্রেডে অন্তত ২ বছরের আইটিআই কোর্স পাশ। ট্রেনিংয়ের মেয়াদ: ১২ মাস।

পোস্ট কোড ১০৩: বয়লার/মেকানিক্যাল: বরাউনি রিফাইনারি: ৩৯টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **গুয়াহাটি রিফাইনারি:** ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: ৩ বছর মেয়াদের বি এসসি পাশ। ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ২৪ মাস।

**পোস্ট কোড ১০৮: সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: বরাউনি রিফাইনারি:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **গুয়াহাটি রিফাইনারি:** ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** ৩ বছর মেয়াদের বি এ বা বি কম বা বি এসসি পাশ। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১৫ মাস।

**পোস্ট কোড ১১০: ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার অ্যাপ্রেন্টিস): বরাউনি রিফাইনারি:** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **গুয়াহাটি রিফাইনারি:** ৪টি (সাধারণ ২, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক পাশ। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১১১: ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার): বরাউনি রিফাইনারি:** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক পাশ, সঙ্গে ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটরের স্কিল সার্টিফিকেট থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: পোস্ট কোড ১০৪: কেমিক্যাল: বরাউনি রিফাইনারি: ২৪টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **গুয়াহাটি রিফাইনারি:** ২১টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজি বা রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৫: মেকানিক্যাল: বরাউনি রিফাইনারি:** ২৪টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৩টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **গুয়াহাটি রিফাইনারি:** ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৬: ইলেক্ট্রিক্যাল: বরাউনি রিফাইনারি:** ২৩টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৩টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **গুয়াহাটি রিফাইনারি:** ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৭: ইনস্ট্রুমেন্টেশন: বরাউনি রিফাইনারি:** ২৩টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৩টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **গুয়াহাটি রিফাইনারি:** ৪টি (সাধারণ ২, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং বা অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

সব ক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৩০-৬-২০২৬ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে সংস্থার এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com এই ওয়েবসাইটের 'হোয়াটস নিউ'-এ ক্লিক করে বরাউনি ও গুয়াহাটি রিফাইনারিতে অ্যাপ্রেন্টিসশিপের লিঙ্ক পাবেন। প্রার্থীকে রেজিস্ট্রেশন করতে হবে এই পোর্টালে: https://nats.education.gov.in/ (টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে), https://apprenticeshipindia.gov.in/ (ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে)। সব শেষে বাকি প্রয়োজনীয় তথ্য আপলোড করার জন্য মাইক্রোসফট ফর্মের লিঙ্ক পাবেন।

প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ২৮ জুলাই পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.iocl.com

## হলদিয়া রিফাইনারিতে ২৭৮

*প্রথম পাতার পর*

৭)। শিক্ষাগত যোগ্যতা: ৩ বছর মেয়াদের বি এসসি পাশ। ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০২: ফিটার/মেকানিক্যাল:** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সঙ্গে ফিটার ট্রেডে ২ বছরের আইটিআই কোর্স পাশ করে থাকতে হবে। ট্রেনিংয়ের মেয়াদ: ১২ মাস।

**পোস্ট কোড ১০৩: বয়লার/মেকানিক্যাল:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ৩, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ৩ বছর মেয়াদের বি এসসি পাশ। ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ২৪ মাস।

**পোস্ট কোড ১০৮: সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট:** ১৭টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৪, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** ৩ বছর মেয়াদের বি এ বা বি কম বা বি এসসি পাশ। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১৫ মাস।

**পোস্ট কোড ১১০: ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার অ্যাপ্রেন্টিস):** ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক পাশ। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১১১: ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার):** ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক পাশ, সঙ্গে ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটরের স্কিল সার্টিফিকেট থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: পোস্ট কোড ১০৪: কেমিক্যাল:** ৭০টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৪, ওবিসি ১৫, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজি বা রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৫: মেকানিক্যাল:** ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ৩টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৬: ইলেক্ট্রিক্যাল:** ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ১, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৭: ইনস্ট্রুমেন্টেশন:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং বা অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

সব ক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

বয়স: ৩০-৬-২০২৬ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে সংস্থার এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com এই ওয়েবসাইটের 'হোয়াটস নিউ'-এ ক্লিক করে হলদিয়া রিফাইনারিতে অ্যাপ্রেন্টিসশিপের লিঙ্ক পাবেন। প্রার্থীকে রেজিস্ট্রেশন করতে হবে এই পোর্টালে: https://nats.education.gov.in/ (টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে), https://apprenticeshipindia.gov.in/ (ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে)। সব শেষে বাকি প্রয়োজনীয় তথ্য আপলোড করার জন্য মাইক্রোসফট বা গুগল ফর্মের লিঙ্ক পাবেন।

প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ৩০ জুলাই পর্যন্ত। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরগুলির যে-কোনওটিতে: (03224) 223289/223262/8101474673

ওয়েবসাইট: www.iocl.com

## উপার্জনের পথে আলো মোমবাতি

*প্রথম পাতার পর*

সুন্দর ও বৈচিত্রপূর্ণ হলে এবং মোমের গুণমান ঠিক থাকলে আঞ্চলিক বাজারের গণ্ডি পেরিয়ে তা অন্য রাজ্যে, এমনকী দেশের বাইরেও পাড়ি দিতে পারে। এই চাহিদাই মোমবাতির ব্যবসায় আশার আলো। কিন্তু ব্যবসা করার আগে প্রশিক্ষণ নেওয়া অবশ্যই দরকার।

### কোথায় প্রশিক্ষণ

প্রগতি

প্রগতি ভারত সরকারের ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের অনুমোদিত সংস্থা। এরা মোমবাতি তৈরির প্রশিক্ষণ দেয়। বছরের যে-কোনও সময়ই প্রগতি-র কোর্সে ভর্তি হওয়ার জন্য আবেদন করতে পারেন। এক মাস থেকে তিন মাসের মেয়াদে কাজ শেখা যায়। যাঁরা সপ্তাহে এক দিন ক্লাস করতে পারবেন, তাঁদের কথা ভেবেই কোর্সের সর্বাধিক সময়সীমা তিন মাস করা হয়েছে। সাধারণ ভাবে ১০ থেকে ১২টি ক্লাসে সাধারণ মোমবাতি থেকে শুরু করে জেল, ভাসমান, সুগন্ধী, টেক্কা বা তেকোনা, বিভিন্ন আকৃতির বহুবর্ণ মোমবাতি এবং মশা তাড়ানোর মোমবাতি তৈরি করা শেখানো হয় হাতেকলমে। কাজ শেখার পর শিক্ষার্থী কোথা থেকে উপকরণ সংগ্রহ করবেন এবং কীভাবে ব্যবসা করবেন, সেই সম্পর্কে যাবতীয় ধারণা দেওয়া হয়। কর্মশালায় মোমবাতি তৈরির যাবতীয় উপকরণ দেওয়া হয়, বাইরে থেকে শিক্ষার্থীকে কিছু আনতে হয় না। কোর্স চলাকালীন যে-মোমবাতিগুলি তৈরি করা হয় তা শিক্ষার্থীদের বিনামূল্যে দিয়ে দেওয়া হয়। প্রশিক্ষণের শেষে সার্টিফিকেট দেওয়া হয়। প্রশিক্ষণের ফি: ৯,৮০০ টাকা।

যোগাযোগ: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসপিট রোড, বালি, হাওড়া। ফোন-২৬৭১-০২৯২ (সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে)। মোবাইল-৯৪৩২৪-৯০৩২৯।

### মধুবনের পরিবেশবান্ধব মৌমোমের প্রদীপ

আমডাঙার মধুবন স্বনির্ভর মৌপালক গোষ্ঠী মাটির ভাঁড়ে বা প্রদীপে মৌমোম দিয়ে 'দিয়া' তৈরি করছে। এই দিয়া পুজোর কাজে বা অন্দরসজ্জায় ব্যবহার করা হয়।

প্রাকৃতিক মোম পাওয়া যায় মৌমাছিদের কাছ থেকে। মৌমাছি চাক তৈরির জন্য মোম ব্যবহার করে। মধুবনের মৌ বা বি-কিপাররা মধু সংগ্রহের পাশাপাশি চাক থেকে প্রাকৃতিক মোম সংগ্রহ করেন। মৌমোম সংগ্রহ করা যায় মৌমাছিকে কোনওরকম আঘাত না করেই। এই প্রাকৃতিক মোমের বা মৌমোমের একটা স্বাভাবিক সুগন্ধ আছে। এই মোমে ফুলের পরাগ এবং মধুও মিশে থাকে।

আগ্রহীরা মৌমোমের প্রদীপ কিনতে পারবেন সরাসরি মধুবনের মৌপালকদের কাছ থেকে। মাটির পাত্রের গায়ে বিভিন্ন নকশা এঁকে এই মোমবাতিকে আরও আকর্ষণীয় করে তুলেছেন এঁরা। মৌমোমের প্রদীপ কয়েক ঘণ্টা ধরে জ্বলে। শুধু উৎসবের আগে নয়, সারা বছর এই মোমবাতি সংগ্রহ করা যায় এই সংস্থার কাছ থেকে।

মধুবন থেকে প্রদীপ ও মৌমোম কিনে খুচরো বাজারে বিক্রি করতে পারেন আপনিও। যোগাযোগ: ৭৩৬৫৮-৬১০১৭ (ফোন করার সময় সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে)

সারা বছর মোমবাতির চাহিদা আছে। তবে ডিজাইনার মোমবাতির ক্ষেত্রে ব্যবসার পথ প্রশস্ত হবে যদি তার মান ভালো হয় এবং ডিজাইন অভিনব হয়।

## ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ৭৩৮ ক্রেডিট অফিসার

*প্রথম পাতার পর*

হবে। বেতনক্রম: ৬৪,৮২০-৯৩,৯৬০ টাকা।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশে (তফসিলি, ওবিসি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশে) নম্বর-সহ স্নাতক। অথবা, সিএ বা সিএস বা সিএফএ বা সিএমএ-আইসিডব্লুএ। ফিনান্স বা কমার্স বা ম্যানেজমেন্ট বা মার্কেটিং বা ব্যাঙ্কিং বা ক্রেডিট সংক্রান্ত বিষয়ে ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকলে অথবা এমবিএ বা পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট কোর্স পাশ করে থাকলে অথবা ট্রেড ফিনান্স বা এমএসএমই সংক্রান্ত ক্রেডিট প্রফেশনাল সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার।

এর পাশাপাশি, কোনও ব্যাঙ্ক বা আর্থিক সংস্থায় অফিসার পদে এমএমজিএস-থ্রিয়ের ক্ষেত্রে অন্তত ৫ বছরের (এর মধ্যে ৩ বছরের অভিজ্ঞতা সংশ্লিষ্ট ক্ষেত্রে) এবং এমএমজিএস-টুয়ের ক্ষেত্রে অন্তত ৩ বছরের (এর মধ্যে ২ বছরের অভিজ্ঞতা সংশ্লিষ্ট ক্ষেত্রে) কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন থাকবে (ব্র্যাকেটে নম্বর) ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫) ও সংশ্লিষ্ট বিষয়ে (১০০)। নেগেটিভ মার্কিং আছে। সময়সীমা ২ ঘণ্টা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofindia.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২০ জুলাই পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় স্ক্যান করে আপলোড করতে হবে— সম্প্রতি তোলা নিজের পাসপোর্ট মাপের একটি রঙিন ফটো (হালকা রং বা সাদা ব্যাকগ্রাউন্ডে, ২০০×২৩০ পিক্সেলে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), একটি সাদা কাগজে কালো কালির পেনে করা সই (১৪০×৬০ পিক্সেলে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেলে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), নিজের হাতে লেখা এই ঘোষণা— "I, ______ (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required." (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং বয়স ও শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট, সচিত্র পরিচয়পত্র, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

পরীক্ষার ফি বাবদ জমা দিতে হবে ৮৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। অনলাইন ব্যবস্থায় রুপে/ভিসা/মাস্টার ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আইএমপিএস) বা ইউপিআই বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# হিন্দুস্তান পেট্রোলিয়ামে ১০৬

## জুনিয়র এক্সিকিউটিভ, সিনিয়র অফিসার

বিভিন্ন বিভাগে জুনিয়র এক্সিকিউটিভ ও সিনিয়র অফিসার পদে ১০৬ জনকে নেবে হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন। এটি কেন্দ্রের পেট্রোলিয়াম অ্যান্ড ন্যাচারাল গ্যাস মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রথমে ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HPCL/OPEN/HR/1/2026-27.

শূন্যপদের বিবরণ: জুনিয়র এক্সিকিউটিভ (কেমিক্যাল): ৩৭টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। বয়স: ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩০,০০০-১,২০,০০০ টাকা।

জুনিয়র এক্সিকিউটিভ (ফায়ার অ্যান্ড সেফটি): ১৭টি। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি। সেই সঙ্গে ফায়ার অ্যান্ড সেফটি-তে ডিপ্লোমা-সহ বৈধ হেভি ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বয়স: ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩০,০০০-১,২০,০০০ টাকা।

সিনিয়র অফিসার-সেলস (রিটেল/লিউবস/ডিরেক্ট সেলস/এলপিজি): ৫২টি। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা কেমিক্যাল বা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। সেই সঙ্গে ২ বছরের এমবিএ বা পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। বয়স: ২৯ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

২০-৭-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। বয়সের ক্ষেত্রে তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, গ্রুপ টাস্ক, সাইকোমেট্রিক অ্যাসেসমেন্ট, স্কিল টেস্ট, ইন্টারভিউ ও ফিজিক্যাল ফিটনেস এফিশিয়েন্সি টেস্টের মাধ্যমে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হবে দু'টি পার্টে, যথাক্রমে জেনারেল অ্যাপ্টিটিউড ও সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক। পরীক্ষা অগস্ট-সেপ্টেম্বর মাসে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hindustanpetroleum.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২০ জুলাই পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো ও সই স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,১৮০ টাকা। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্যে নতুন ওবিসি তালিকায় ৬৬টি সম্প্রদায়

নিজস্ব প্রতিনিধি: পশ্চিমবঙ্গে ওবিসিদের জন্য চাকরিতে শূন্যপদ সংরক্ষণের হার ১৭ শতাংশ থেকে কমে হল ৭ শতাংশ। নতুন তালিকা অনুসারে রাজ্যের ৬৬টি জনগোষ্ঠী (সাব-ক্লাসেস) ওবিসি ক্যাটেগরির এই ৭ শতাংশ সংরক্ষণের সুবিধা পাবেন। এই মর্মে ২৯ জুন ওবিসি সংরক্ষণ বিল, ২০২৬ পাশ হল বিধানসভায়।

এর আগে ওবিসি 'এ' এবং ওবিসি 'বি' ক্যাটেগরিতে বিভক্ত ছিল রাজ্যের ওবিসি তালিকা। ওবিসি 'এ' ক্যাটেগরির অন্তর্ভুক্ত ছিল মুসলিমদের বিভিন্ন উপ-সম্প্রদায়। এই বিভাজিত তালিকা আর থাকছে না। নির্দিষ্ট ৬৬টি ওবিসি সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হলে তবেই চাকরিতে সংরক্ষণের সুবিধা পাওয়া যাবে।

রাজ্যের অনগ্রসর শ্রেণি উন্নয়ন মন্ত্রী গৌরীশঙ্কর ঘোষ বিধানসভায় বিলটি পেশ করে জানান, ব্যাকওয়ার্ড ক্লাসেস কমিশনের অনুসন্ধান চলবে এবং সঙ্গত কারণ থাকলে কোনও জনগোষ্ঠীকে ওবিসি-তালিকার অন্তর্ভুক্ত করার কথা বিবেচনা করা হবে। মন্ত্রী হাইকোর্টের পর্যবেক্ষণের কথা উল্লেখ করে জানান, কোনও সমীক্ষা ও বিচার-বিশ্লেষণ ছাড়াই যাঁদের ওবিসি তালিকার আওতায় আনা হয়েছিল তাঁদের নতুন তালিকায় ঠাঁই হয়নি।

নতুন ওবিসি ক্যাটেগরির তালিকা দেখা যাবে এই ওয়েবসাইটে: https://castcertificatewb.gov.in/images/List_Notice.pdf


THE INSTITUTE OF CHARTERED ACCOUNTANTS OF INDIA
(Set up by an Act of Parliament)
'ICAI Bhawan', Indraprastha Marg, New Delhi-110 002

The Institute of Chartered Accountants of India (ICAI) is a statutory body set up in 1949 by an Act to regulate and develop the Profession of Chartered Accountancy in India. ICAI invites applications for "BRANCH INCHARGE" positions under its Branch Human Resources Scheme, 2022 at various Branches of Regional Councils of ICAI.

For detailed advertisement please visit https://www.icai.org/post/career-in-icai

Submission of Applications through online portal from 3rd July'2026 to 19th July'2026

*Positions are open in* **West Bengal:** Durgapur, Raniganj, Siliguri. Besides these, positions at other locations are given in the detailed advertisement.



ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন®

INSTITUTE OF BANKING PERSONNEL SELECTION

**সিআরপি পিও/এমটি-XVI এবং সিআরপি এসপিএল-XVI অংশগ্রহণকারী ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার/ম্যানেজমেন্ট ট্রেনি এবং স্পেশ্যালিস্ট অফিসার (২০২৭-২৮-এর শূন্যপদ) নিয়োগের জন্য কমন রিক্রুটমেন্ট প্রসেস**

অফিসিয়াল ওয়েবসাইট: www.ibps.in

খোঁজখবর/অভিযোগের ক্ষেত্রে লগ ইন করুন এইখানে: https://cgrs.ibps.in

অংশগ্রহণকারী পাবলিক সেক্টর ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার/ম্যানেজমেন্ট ট্রেনি এবং স্পেশ্যালিস্ট অফিসার কেডার পদে বাছাই ও নিয়োগের জন্য কমন রিক্রুটমেন্ট প্রসেস (সিআরপি)-এর নিমিত্ত অনলাইন পরীক্ষা সম্ভাব্যরূপে নিম্নোক্ত শিডিউল মেনে অনুষ্ঠিত হবে:

গুরুত্বপূর্ণ তারিখ

| অ্যাক্টিভিটি | পিও/এমটি | স্পেশ্যালিস্ট অফিসার |
|---|---|---|
| প্রার্থী কর্তৃক দরখাস্তের এডিট/মডিফিকেশন সহ অনলাইন রেজিস্ট্রেশন | ০১.০৭.২০২৬ থেকে ২১.০৭.২০২৬ | ০১.০৭.২০২৬ থেকে ২১.০৭.২০২৬ |
| দরখাস্ত ফি/ইন্টিমেশন চার্জ পেমেন্ট (অনলাইন) | ০১.০৭.২০২৬ থেকে ২১.০৭.২০২৬ | ০১.০৭.২০২৬ থেকে ২১.০৭.২০২৬ |
| দরখাস্ত ফর্ম পরিবর্তন/সংশোধন করার জন্য (এডিটের জন্য অনলাইন পেমেন্ট সহ) প্রার্থীদের এডিট উইন্ডো | রেজিস্ট্রেশন বন্ধের পরে (অফিসিয়াল আইবিপিএস ওয়েবসাইটে বিজ্ঞাপিত হবে) | রেজিস্ট্রেশন বন্ধের পরে (অফিসিয়াল আইবিপিএস ওয়েবসাইটে বিজ্ঞাপিত হবে) |
| প্রি-এগজাম ট্রেনিং পরিচালনা | অগাস্ট, ২০২৬ | – |
| অনলাইন পরীক্ষা - প্রিলিমিনারি | অগাস্ট ২০২৬ | অগাস্ট ২০২৬ |
| অনলাইন পরীক্ষা – প্রিলিমিনারি-এর ফলাফল | সেপ্টেম্বর ২০২৬ | সেপ্টেম্বর/ অক্টোবর ২০২৬ |
| অনলাইন পরীক্ষা – মেন | অক্টোবর ২০২৬ | নভেম্বর ২০২৬ |
| মেন পরীক্ষার ফলাফল | নভেম্বর ২০২৬ | নভেম্বর ২০২৬ |
| পার্সোনালিটি টেস্ট | নভেম্বর ২০২৬ | – |
| সাক্ষাৎকার পরিচালনা | নভেম্বর/ডিসেম্বর ২০২৬ | নভেম্বর/ডিসেম্বর ২০২৬ |
| প্রভিশনাল অ্যালটমেন্ট | জানুয়ারি ২০২৭ | জানুয়ারি ২০২৭ |

বিশদ বিবরণ ও আপডেটের জন্য প্রার্থীদের নিয়মিতভাবে অফিসিয়াল আইবিপিএস ওয়েবসাইট www.ibps.in দেখতে পরামর্শ দেওয়া হচ্ছে।

যেসব প্রার্থী দরখাস্ত করতে আগ্রহী, তাদের বিশদ বিজ্ঞপ্তি যত্নে পড়ে নিতে এবং অনলাইনে রেজিস্টার করার পূর্বে নির্ধারিত তারিখে তারা যেন উপযুক্ততার ন্যূনতম শর্ত পূরণ করেন এই মর্মে সুনিশ্চিত করে নিতে পরামর্শ দেওয়া হচ্ছে। প্রার্থীদের অবশ্যই বিস্তারিত বিজ্ঞপ্তিতে উল্লেখিতমতো নির্দেশাবলি মেনে চলতে হবে।

মুম্বই
তারিখ: ০১.০৭.২০২৬ ডিরেক্টর



RICE ADAMAS GROUP

# ADAMAS UNIVERSITY

NAAC GRADE A



1Cr. Highest Package | 1000+ Recruiting Companies | 93%+ Placement Record | 108 Global University | 1Lakh+ Careers Shaped | 86+ Courses | 100% Internship Assistance | 100% Scholarships available

Campus Map Index: 1. Professors' Residence, 2. VC's Residence, 3. Academic Building 1, 4. Academic Building 2, 5. Academic Building 3, 6. Engineering Workshop, 7. School of Business, 8. School of Engineering & Technology, 9. School of Media & Communication, 10. School of Education, 11. School of Law & Justice, 12. School of Liberal Arts & Culture Studies, 13. Girls' residence -1, 14. Girls' residence – 2, 15. Boys' residence -1, 16. Boys' residence -2, 17. Sports Complex, 18. Pharmacy, 19. Mini Hospital, 20. Gymnasium, 21. Spa & Salon, 22. Food Court – 1, 23. Food Court – 2, 24. Food Court -3, 25. Admissions Building, 26. Bank & ATM, 27. Helipad, 28. Subhash Mukhopadhyay Stem Cell Lab, 29. Entry Gate, 30. Departmental Store, 31. Centre for Lifelong Learning

## 86 + Undergraduate & Postgraduate Programs

**School of Engineering and Technology**
- B.Tech (Civil Engineering)
- B.Tech (Biomedical Engineering)
- B.Tech (Computer Science and Engineering & Business Systems)
- B.Tech (Computer Science and Engineering)
- B. Tech (Electronics and Communication Engineering)
- B.Tech (Electrical Engineering)
- B.Tech Electronics Engineering (VLSI Design and Technology)
- B.Tech (Mechanical Engineering)
- B.Tech (Robotics and Artificial Intelligence)
- B.Tech CSE (Artificial Intelligence & Machine Learning)
- B.Tech CSE (Cloud Computing)
- B.Tech CSE (Cyber Security)
- B.Tech CSE (Data Science)
- B.Tech CSE (with specialization in SAP)
- B.Tech in Artificial Intelligence & Data Science (FinTech)
- B.Tech in Artificial Intelligence & Data Science (Business Applications)
- SAP Add-on Global Certification
- BCA • M.Tech (VLSI & Embedded Systems) • M.Tech (Data Science and Digital Transformation)
- M.Tech (Structural Engineering)
- MCA

**School of Health and Medical Sciences**
- B.Pharm • B.A (Psychology)
- B.Sc (Psychology)
- B.Sc Food, Nutrition and Dietetics
- B.Sc Medical Laboratory Technology
- Bachelor of Optometry
- D.Pharm
- M.A (Psychology)
- M.Sc (Psychology)
- M.Sc (Clinical Embryology)
- M.Pharm (Pharmaceutics) / M.Pharm (Pharmacology)

**School of Basic and Applied Sciences**
- B.Sc (Chemistry)
- B.Sc (Environmental Science and Sustainability)
- B.Sc (Mathematics and Computing)
- B.Sc (Applied Statistics and Data Science)
- B.Sc (Forensic Science)
- B.Sc (Geography)
- B.Sc. (Geoinformatics)
- B.Sc (Physics) • M.Sc (Chemistry)
- M.Sc (Environmental Science and Sustainability)
- M.Sc (Forensic Science)
- M.Sc (Geography)
- M.Sc (Geoinformatics)
- M.Sc (Physics)
- M.Sc (Applied Statistics and Data Science)
- Post-M.Sc Diploma in Medical Physics

**School of Liberal Arts & Culture Studies**
- B.A (Bengali Language and Literature)
- B.A (English Language and Literature)
- B.A (Political Science & International Relations)
- B.A (Public Administration & Governance)
- B.A (Sociology)
- B.A (History) • B.Sc (Economics)
- B.A History (with Specialization in Heritage Studies)
- B.A. Sociology (with specialization in Corporate Social Responsibility and Management)
- M.A. Sociology (with specialization in Corporate Social Responsibility and Management)
- M.A (Bengali Language and Literature)
- M.A (English Language and Literature)
- M.A (History)
- M.A (Political Science & International Relations)
- M.A (Public Administration & Governance)
- M.A (Sociology) • M.Sc (Economics)

**School of Media and Communication**
- B.A (Journalism & Mass Communication)
- B.Sc (Graphics, Animation & Media Technology)
- M.A (Journalism & Mass Communication)
- M.Sc (Graphics & Animation)

**School of Life Science and Biotechnology**
- B.Sc (Microbiology)
- B.Sc (Biochemistry)
- B.Sc (Biotechnology)
- B.Tech (Biotechnology)
- B.Tech (Food Technology)
- M.Sc (Biotechnology)
- M.Sc (Microbiology)
- M.Sc (Biochemistry)

**School of Business**
- B.Com • BBA • BBA in E-Commerce
- MBA • MBA (Logistics and Supply Chain Management)
- MBA (Business Analytics)

**School of Education**
- B.A (Education) • B.Ed
- M.A (Education)

**School of Law and Justice**
- BA. LLB (Hons)
- BBA. LLB (Hons)
- LL.M

**School of Smart Agriculture**
- B.Sc (Hons) Agriculture

*Lateral entry available in all streams subject to availability. | Ph.D. offered for all courses*

Applications CLOSING SOON for 2026-27

6292 190 233
1800 419 7423
www.adamasuniversity.ac.in
Visit us on:

CAMPUS: Adamas University, Barasat-Barrackpore Road, Barbaria, P.O Jagannathpur, District-24 Parganas (North), Kolkata-700 126, West Bengal, India CITY OFFICE: Haute Street, 86A, Topsia Road (2nd Floor), Topsia, Kolkata - 700046 STATE OFFICES: AGARTALA: Palace Compound, BK Road, Call 7005354877 GUWAHATI: 6th floor, F Fort building, Kachari basti road, Call: 6292027765 JAMSHEDPUR: 1st Floor, Seagull Apartment, Call: 9830080226 RANCHI: E 3, Ground Floor, Panchsheel Apartment, Dr Usha Rani Lane Lalpur Call: 6292030184 PATNA: Flat no-304, 3rd Floor, Hera Enclave Call: 9230986012 BHUBANESWAR: Plot No. 1, Ground Floor, In front of Sisu Bhavan Flyover, Call: 9777798807 SRINAGAR: Shopian, District Shopian, Call: 9230969093 DURGAPUR: 3rd Floor, Tech Building, Red cross Road, Call: 9230987169 SILIGURI: 3rd Floor, International Market, Sevoke Road, Call: 9230987168

Scan to APPLY

# এনটিপিসি-তে অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট ট্রেনি

অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট ট্রেনি পদে ৪০ জনকে নেবে ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন (এনটিপিসি)। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রথমে ১ বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০৯/২৬।

শূন্যপদের বিন্যাস: সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪। দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কেমিস্ট্রিতে এম এসসি। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা পাশ নম্বর থাকলেই আবেদন করতে পারবেন। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারবেন। সে ক্ষেত্রে ৩১ জুলাইয়ের মধ্যে পরীক্ষার ফল প্রকাশিত হয়ে থাকতে হবে।

বয়স: ১০-৭-২০২৬ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

বেতনক্রম: ৩০,০০০-১,২০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দুই পার্টের অনলাইন পরীক্ষা— এক্সিকিউটিভ অ্যাপ্টিটিউড টেস্ট ও সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক পরীক্ষার মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntpc.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১০ জুলাই পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর মাধ্যমিকের সার্টিফিকেট বা মার্কশিট, প্যান কার্ড, শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ক্যাটেগরি সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। অনলাইন ও অফলাইন— দু' পদ্ধতিতেই ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অফলাইনে ফি জমা দিতে হবে পে-ইন-স্লিপের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়, এই অ্যাকাউন্ট নম্বরে: 30987919993 (CAG branch, New Delhi). মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ওয়েস্টার্ন কোলফিল্ডসে ৪৪৪ *প্রথম পাতার পর*

জন্য সংরক্ষিত থাকবে।

অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ট্রেনি) (ইলেক্ট্রিক্যাল)/ইলেক্ট্রিক্যাল সুপারভাইজর: ২২৪টি (সাধারণ ৯১, তফসিলি জাতি ২৬, তফসিলি উপজাতি ২৯, ওবিসি ৫৬, আর্থিক ভাবে অনগ্রসর ২২)। এর মধ্যে ৯টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

বেতন: নির্দিষ্ট মাসিক ৪৭,৩৩০.২৫ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.westerncoal.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ জুলাই পর্যন্ত।

এখনও বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন ওয়েবসাইটে।

# এয়ারফোর্সে অগ্নিবীরবায়ু

*প্রথম পাতার পর*

থাকতে হবে। অথবা নিম্নলিখিত যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় সরকার অনুমোদিত পলিটেকনিক প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা। সেই সঙ্গে ডিপ্লোমা কোর্সে ইংরেজিতে অথবা উচ্চ মাধ্যমিক বা মাধ্যমিকে (ডিপ্লোমায় ইংরেজি না থাকলে) ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ইঞ্জিনিয়ারিং শাখাগুলি হল: মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, অটোমোবাইল, কম্পিউটার সায়েন্স, ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি। অথবা অঙ্ক ও ফিজিক্স-সহ ২ বছরের ভোকেশনাল কোর্স পাশ। মোট অন্তত ৫০ শতাংশ এবং ভোকেশনাল কোর্সে ইংরেজিতে অথবা উচ্চ মাধ্যমিক বা মাধ্যমিকে (ভোকেশনাল কোর্সে ইংরেজি না থাকলে) ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর থাকতে হবে।

অন্যান্য শাখার ক্ষেত্রে: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক পাশ। মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ২ বছরের ভোকেশনাল কোর্স পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। উভয় ক্ষেত্রেই ইংরেজিতে (ভোকেশনাল কোর্সে ইংরেজি না থাকলে উচ্চ মাধ্যমিক বা মাধ্যমিকে) অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

বয়স: এনরোলমেন্টের দিন ২২ বছরের মধ্যে হতে হবে। জন্মতারিখ হতে হবে ১-৭-২০০৫ থেকে ১-১-২০১০-এর মধ্যে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫২ সেমি। বুকের ছাতি পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ সেমি ও ৮২ সেমি। মহিলাদের ক্ষেত্রে বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। উচ্চতা ও বয়স অনুসারে ওজন হতে হবে। ভালো শ্রবণশক্তির অধিকারী হতে হবে। ৬ মিটার দূরত্ব থেকে চাপা স্বরের কথা দু' কানে স্পষ্ট শোনার ক্ষমতা থাকতে হবে।

দৃষ্টিশক্তি: প্রতি চোখে ৬/১২, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সিপি-টু মানের হতে হবে। হাইপারমেট্রোপিয়া প্লাস ২.০ডি এবং মায়োপিয়া মাইনাস ওয়ান ডি (প্লাস মাইনাস ০.৫০ডি অস্টিগম্যাটিজম-সহ)-এর মধ্যে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্ট, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও দু' পর্যায়ের অ্যাডাপ্টেবিলিটি টেস্টের মাধ্যমে। সবশেষে হবে মেডিক্যাল এক্সামিনেশন। পরীক্ষা ২২ ও ২৩ সেপ্টেম্বর। অনলাইন টেস্টে প্রশ্ন হবে উচ্চ মাধ্যমিক স্তরের ফিজিক্স, ম্যাথমেটিক্স ও ইংরেজি বিষয়ে। এ ছাড়া থাকবে রিজনিং অ্যান্ড জেনারেল অ্যাওয়্যারনেস। নেগেটিভ মার্কিং আছে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে (মহিলাদের ক্ষেত্রে ৮ মিনিটে) ১.৬ কিলোমিটার দৌড়, ১ মিনিটে (মহিলাদের ক্ষেত্রে দেড় মিনিটে) ১০টি সিট আপ, ১ মিনিটে ২০টি স্কোয়াট (মহিলাদের ক্ষেত্রে ১৫টি স্কোয়াট) এবং কেবল পুরুষদের ক্ষেত্রে অতিরিক্ত ১ মিনিটে ১০টি পুশ আপ।

বেতন: প্রথম বছরে প্রতি মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৩৩,০০০ টাকা, তৃতীয় বছরে প্রতি মাসে ৩৬,৫০০ টাকা এবং চতুর্থ বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা।

চার বছরের মেয়াদ শেষে নৌবাহিনীতে শর্তানুসারে চাকরির সুযোগ রয়েছে। সংশ্লিষ্ট ব্যাচের ২৫ শতাংশ অগ্নিবীর নৌবাহিনীতে স্থায়ী চাকরির ক্ষেত্রে সংরক্ষণ পাবেন। বাকি ৭৫ শতাংশ অগ্নিবীর অবসরের পর যাতে বিকল্প জীবিকা খুঁজে নিতে পারেন, সে জন্য আর্থিক অঙ্কে বিশেষ সেবা নিধি প্যাকেজ দেওয়া হবে। তবে কোনও পেনশন, গ্র্যাচুইটি বা প্রাক্তন সমরকর্মীর প্রাপ্য সুযোগ-সুবিধা তাঁরা পাবেন না।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iafrecruitment.edcil.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। রেজিস্ট্রেশন করা যাবে ২৬ জুলাই পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (১০০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), সাদা কাগজে কালো কালির সই (৮০ থেকে ১৫০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে), প্রার্থীর বয়স ১৮ বছরের কম হলে প্রার্থীর পিতা বা মাতার সই আপলোড করতে হবে। ১ মাসের বেশি পুরনো ফটো চলবে না। যেদিন ফটো তোলা হয়েছে সেই তারিখটি এবং প্রার্থীর নাম একটি স্লেটে লিখে সেটিকে সামনে ধরে ফটো তুলতে হবে। এ ছাড়াও প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ফটোগ্রাফ) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫৫০ টাকা (জিএসটি অতিরিক্ত)। অনলাইন পদ্ধতিতে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

অনলাইন দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# স্কুল সার্ভিস কমিশন
## ২০১৬-র শিক্ষক নিয়োগের পরীক্ষার ওএমআর শিট ডাউনলোড করা যাচ্ছে

নিজস্ব প্রতিনিধি: অবশেষে ২০১৬-র শিক্ষক নিয়োগের পরীক্ষার স্ক্যান করা ওএমআর শিট ওয়েবসাইটে প্রকাশ করল পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন। নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণিতে শিক্ষক নিয়োগের জন্য ২০১৬-র প্রথম এসএলএসটি-তে বসেছিলেন যাঁরা, তাঁরা এখন নিজেদের উত্তরপত্র তথা ওএমআর শিট দেখতে পাবেন। রোল নম্বর ও নির্দিষ্ট ক্যাপচা টাইপ করে ২০১৬-র ওএমআর শিট দেখা যাবে এই ওয়েবসাইটে: https://www.wbsschelpdesk.com/info/ কমিশন জানিয়েছে, তৃতীয় আরএলএসটি পরীক্ষায় বসা প্রার্থীদের ওএমআর শিটের প্রতিলিপিও প্রকাশ করা হবে।

উল্লেখ্য, অনিয়মের অভিযোগে আদালতের রায়ে ২০১৬-র শিক্ষক-নিয়োগ বাতিল হয়েছে। একই কারণে চাকরি হারিয়েছেন তৃতীয় আরএলএসটি-র মাধ্যমে নিয়োগ পাওয়া বহু অশিক্ষক কর্মীও। শিক্ষক ও শিক্ষাকর্মী মিলিয়ে ২৫,৭৫৩ জন তরুণ-তরুণী চাকরিহারা হয়েছেন। দ্বিতীয় এসএলএসটি (অ্যাসিস্ট্যান্ট টিচার), ২০২৫ ও প্রথম এসএলএসটি (নন-টিচিং স্টাফ), ২০২৫-এর মাধ্যমে নতুন করে নিয়োগের প্রক্রিয়া চলছে। এ দিকে, ২০২৫-এ স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষা আয়োজনে আইন মানা হয়নি বলে মনে করছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সম্প্রতি মুখ্যমন্ত্রী বলেন, ২০১৬-র প্রার্থীদের সঙ্গে ফ্রেশার প্রার্থীদের জুড়ে দেওয়া এবং ফ্রেশারদের ১০ নম্বর পাওয়া থেকে বঞ্চিত রাখার ব্যবস্থা আইনানুগ হয়নি বলে এক জন আইনপ্রণেতা হিসেবে তিনি মনে করেন।

এখানে উল্লেখ্য, স্কুল সার্ভিস কমিশনের নতুন চেয়ারম্যান নিযুক্ত হলেন আইএএস পদমর্যাদার অফিসার দুষ্মন্ত নারিওয়ালা।

# রাজ্যের স্বাস্থ্য বিভাগে নিয়োগের লক্ষ্যে জরুরি উদ্যোগ

নিজস্ব প্রতিনিধি: রাজ্য সরকারের বিভিন্ন হাসপাতালে চিকিৎসক, নার্স, ফার্মাসিস্ট, প্যারামেডিক্যাল কর্মী ও ক্লার্কের শূন্যপদ কত, সে সম্পর্কে সম্প্রতি রাজ্যের স্বাস্থ্য দপ্তরের কাছে জানতে চেয়েছে রাজ্যের অর্থ দপ্তর। তারই প্রেক্ষিতে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, সমস্ত বিভাগীয় ডিরেক্টোরেট ও আঞ্চলিক অফিসগুলির কাছে জরুরি ভিত্তিতে শূন্যপদের হিসাব চেয়ে পাঠিয়েছে। স্বাস্থ্য বিভাগের সংশ্লিষ্ট চিঠিতে (No.1654/HF/O/GA/W-71/2023) লেখা হয়েছে, নিয়োগের লক্ষ্যেই দপ্তরে শূন্যপদের সংখ্যা জানতে চাওয়া হচ্ছে। ১৫ জুলাইয়ের পরই নার্সিং স্টাফ ও ডাক্তার নিয়োগের সরকারি বিজ্ঞপ্তি প্রকাশিত হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডঃ শারদ্বত মুখোপাধ্যায়।

# রাজ্যে নতুন দুই মহিলা পুলিশ বাহিনী গঠনের প্রক্রিয়া শুরু
## ২০০০ শূন্যপদে নিয়োগের প্রস্তাব

নিজস্ব প্রতিনিধি: পশ্চিমবঙ্গে দু'টি নতুন মহিলা পুলিশ বাহিনী গড়া হচ্ছে। বাংলার দুই বীরাঙ্গনা নারীর নামানুসারে এই দুই বাহিনীর নাম হবে মাতঙ্গিনী হাজরা ব্যাটেলিয়ান ও রানি শিরোমণি ব্যাটেলিয়ান। স্টেট রিজার্ভ পুলিশ ফোর্সের অধীনে কাজ করবে এই দুই বাহিনী। প্রাথমিক পর্যায়ে প্রতি বাহিনীতে ১,০০৩ জন করে মোট ২,০০৬ জন মহিলা পুলিশ কর্মী নিয়োগ করা হবে।

১৬ জুন রাজ্যের স্বরাষ্ট্র সচিবের কাছে এই দুই নারী-বাহিনী গড়ার প্রস্তাব জমা পড়েছে। ইতিমধ্যে মাতঙ্গিনী হাজরা ব্যাটেলিয়ান ও রানি শিরোমণি ব্যাটেলিয়ান গঠনের প্রস্তাব রাজ্য পুলিশের ডিজি সিদ্ধিনাথ গুপ্তার অনুমোদন পেয়েছে।

দুই বাহিনীতে কনস্টেবল, সাব-ইনস্পেক্টর, অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর, ইনস্পেক্টর, ওয়্যারলেস অপারেটর, ডিএসপি প্রভৃতি পদে নিয়োগ হবে।

উল্লেখ্য, রাজ্যের নতুন সরকারের প্রথম বাজেট প্রস্তাব অনুসারে চলতি আর্থিক বছরে রাজ্যে ২০ হাজার পুলিশ কর্মী নিয়োগের পরিকল্পনা রয়েছে রাজ্য সরকারের।

# স্কলারশিপের খোঁজখবর

## ভারতী এয়ারটেল স্কলারশিপ ২০২৬-২৭

ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, টেলিকম, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ডেটা সায়েন্স, এরোস্পেস, ইন্টারনেট অব থিংস, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মেশিন লার্নিং, এ আর ভি আর, রোবোটিক্স-এর মধ্যে যে-কোনও একটি শাখায় স্নাতক বা ৫ বছরের ইন্টিগ্রেটেড স্নাতক কোর্সে পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ভারতী এয়ারটেল। এন আই আর এফ র‍্যাঙ্কিং অনুসারে দেশের প্রথম ৫০টি শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে যে-কোনও একটিতে প্রার্থীকে পড়ার সুযোগ পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৮ লাখ টাকার নীচে।

স্কলারশিপ বাবদ কোর্স ফি, হস্টেল ও মেস খরচ বহন করবে সংশ্লিষ্ট সংস্থা। এ ছাড়াও ছাত্রছাত্রীদের ল্যাপটপ দেওয়া হবে।

অনলাইন আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/BHRSP3 আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

## সেন্টার ফর কালচারাল রিসোর্সেস অ্যান্ড ট্রেনিং স্কলারশিপ

ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীত, ভারতীয় শাস্ত্রীয় নৃত্য, থিয়েটার, মূকাভিনয়, ভিস্যুয়াল আর্টস, ফোক, ট্র্যাডিশনাল ও ইনডিজেনাস আর্টস এবং লাইট ক্ল্যাসিক্যাল মিউজিক বিষয়ে ৪০০ জন মেধাবী ছাত্রছাত্রীদের প্রশিক্ষণ দেবে সেন্টার ফর কালচারাল রিসোর্সেস অ্যান্ড ট্রেনিং। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্কলারশিপ দেওয়া হবে। স্কলারশিপের মেয়াদ ২ বছর।

আবেদনের যোগ্যতা: প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৫ বছরের প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে। ১-৪-২০২৬ তারিখে বয়স ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।


স্কলারশিপের পরিমাণ: প্রতি মাসে ৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে সাক্ষাৎকারের মাধ্যমে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: https://ccrtindia.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৩১ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.indiaculture.gov.in

*(তথ্য সহায়তা: buddy4study)*




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in